(গ) চট্টগ্রাম শহরের উপর হতে আবাসনের অতিরিক্ত চাপ কমানো।	(গ) প্রকল্পের মাধ্যমে স্থাপিত আবাসিক এলাকার ৭২ টি প্লট প্রস্তুত করা হয়েছে, কিন্তু এখনো সেখানে আবাসিক এলাকা গড়ে ওঠেনি।	(গ) সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে স্থাপিত আবাসিক এলাকার ৭২ টি প্লট প্রস্তুত করা হয়েছে, কিন্তু এখনো সেখানে আবাসিক এলাকা গড়ে ওঠেনি। এ কারণে প্রকল্পের (গ) উদ্দেশ্য পুরোপুরি বাস্তবায়িত হয়নি, ভবিষ্যতে উদ্দেশ্যটি বাস্তবায়িত হবে বলে প্রতীয়মান হয়।

১৮। **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য পুরোপুরি অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৯.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৯.১ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ৩৫২০.২২ লক্ষ টাকার প্রাক্কলনে ডিসেম্বর' ২০১৩ থেকে জুন, ২০১৪ মেয়াদের জন্য গত ৩০/০৩/২০১৪ তারিখে অনুমোদিত হয়েছিল। নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত না হওয়ায় ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য ডিসেম্বর' ২০১৩ থেকে জুন, ২০১৭ মেয়াদে ২২/০৬/২০১৬ তারিখে অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির মেয়াদ বৃদ্ধি পায় ৩ (তিন) বৎসর বা ৫১৪% এবং কোন ব্যয় বৃদ্ধি পায়নি। প্রকল্পটি মূল ডিপিপির নির্ধারিত মেয়াদের মধ্যে সমাপ্ত করতে পারেনি।

১৯.২। **প্রকল্পের ক্রয়কার্যক্রম পর্যালোচনা:** প্রকল্পের ডিপিপি পর্যালোচনায় দেখা যায়, এ প্রকল্পে মোট ১২ টি প্যাকেজ রয়েছে। ১২ টি প্যাকেজেরই কাজ সমাপ্ত হয়েছে। কোন প্যাকেজেই ডিপিপি'র সিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান, চুক্তি ও কাজ সমাপ্ত করেতে পারেনি। ১২ টি প্যাকেজের মধ্যে ২ টি প্যাকেজ চুক্তি মেয়াদের মধ্যে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। অবশিষ্ঠ ১০ টি প্যাকেজের কাজ চুক্তি মেয়াদের মধ্যেই সমাপ্ত হয়েছে।

১৯.৩। প্রকল্পের আবাসিক প্লট উন্নয়ন সংক্রান্ত তথ্যঃ প্রকল্পটি ১২ একর জমির উপর প্রতিষ্ঠিত এবং মাটি ভরাটের মাধ্যমে প্রকল্পের উন্নয়ন কাজ শেষ হয়েছে। প্রকল্পের মাধ্যমে ৭২টি আবাসিক প্লট প্রস্তুত করা হয়েছে। এরমধ্যে ৩ কাঠার প্লট ২৭ টি, ৪ কাঠার প্লট ২৭ টি, ৫ কাঠার প্লট ১টি। এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ৮৫ কাঠা, ভূমি রাখা হয়েছে।প্রকল্পের সবগুলো প্লট আগ্রহী প্রার্থীদের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায়, আবাসিক এলাকার চারপাশে কোন নিরাপত্তা দেয়াল দেখা যায়নি।

১৯.৪। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:** পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের এক্সটার্নাল অডিট হয়েছে ।১ টি আপত্তি উত্থাপিত হয়েছে, এখনো নিষ্পন্ন হয়নি।

১৯.৫ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:** প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল নগর আবাসিকের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা, বন্দর নগরীর বর্ধিত জন সংখ্যার আবাসের লক্ষ্যে পার্কিং সুবিধা প্রস্তুত করা এবং চট্টগ্রাম শহরের উপর হতে আবাসনের অতিরিক্ত চাপ কমানো। উদ্দেশ্যগুলোর মধ্যে প্রথম উদ্দেশ্য অনুযায়ী আবাসনের জন্য প্লট প্রস্তুত করা হয়েছে। প্লটগুলোতে এখনো আবাসিক এলাকা গড়ে ওঠেনি, একারণে ২য় ও ৩য় উদ্দেশ্য এখনো বাস্তবায়িত হয়নি, ভবিষ্যতে আবাসিক এলাকা গড়ে উঠলে তা বাস্তবায়িত হবে।

২০.০ **<u>সুপারিশ/মতামত:</u>**

২০.১। প্রকল্পটি মূল প্রকল্পের মেয়াদে সমাপ্ত হয়নি, ৩ (তিন) বৎসর বা ৫১৪% সময় অতিরিক্ত লেগেছে। মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন ও বাস্তবায়ন মেয়াদ সঠিক ভাবে করতে হবে এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপির নির্ধারিত অংগ, অর্থ ও মেয়াদের মধ্যে শেষ করতে হবে যাতে প্রাক্কলন ও মেয়াদ বৃদ্ধি করতে না হয়।

২০.২। এ প্রকল্পের ক্রয়কার্যক্রমে কোন প্যাকেজেই ডিপিপি'র সিডিউল অনুযায়ী দরপত্র আহ্বান, চুক্তি ও কাজ সমাপ্ত করেতে পারেনি এবং ২ টি প্যাকেজ চুক্তি মেয়াদের মধ্যে শেষ হয়নি, মেয়াদ বৃদ্ধি করতে হয়েছে। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপি'র সিডিউল অনুযায়ী ক্রয়কার্যক্রম সম্পাদন করতে হবে।

২০.৩। প্রকল্পটি সমাপ্ত হয়েছে ৩০/০৬/২০১৮ তারিখে, পিসিআর এসেছে ১৬/০৪/২০১৯ তারিখে। প্রকল্প সমাপ্তির ১০ মাস পর পিসিআর এসেছে, প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণের বিধান রয়েছে। পরবর্তী প্রকল্পের ক্ষেত্রে প্রকল্প সমাপ্তির ৩ মাসের মধ্যে পিসিআর প্রেরণ করতে হবে।

২০.৪। এ প্রকল্পের এক্সটার্নাল অডিটের ১ টি আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে। পেন্ডিং অডিট আপত্তিটি দ্রুত নিষ্পত্তি করতে হবে।

২০.৫। আবাসিক এলাকার চার পাশে কোন বাউন্ডারি দেয়াল বা নিরাপত্তা দেয়ালের ব্যবস্থা নেই, নিরাপত্তা ও প্রাইভেসির জন্য প্রয়োজন হলে বাউন্ডারি দেয়াল দেয়া যেতে পারে।

২০.৬। উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একু শ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরি মাঠে একটি আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৮)

১। প্রকল্পের নাম : "চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরি মাঠে একটি আধুনিক সুযোগ-সুবিধা বিশিষ্ট উদ্যান স্থাপন (১ম সংশোধিত)"।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর, চট্টগ্রাম।

৪। প্রকল্পের অবস্থান : আগ্রাবাদ, চট্রগ্রাম।

৫। প্রকল্পের পটভূমি:

বন্দর নগরী চট্রগ্রামে বহু শিক্ষায়তন, বিচারিক আদালত ও অন্যান্য অবকাঠামো রয়েছে। কিন্তু পায়ে হাটা যায় এমন কোন পার্ক নেই। যদি ও এধরনের পার্কের জন্য জনগণের প্রচুর চাহিদা রয়েছে।

গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী বহুবার চট্রগ্রাম পরিদর্শনকালে জাম্বুরী ফিল্ডে পায়ে হাটার একটি পার্ক নির্মাণের জন্য নির্দেশনা প্রদান করেন। জাম্বুরী ফিল্ডের আয়তন প্রায় ৮.৫৫ একর এবং এর চারদিকের আগ্রাবাদ কলোনী, জাম্বুরী কলোনী, সিএন্ডবি কলোনী, গেজেটেড হোস্টেল কলোনী, বাংলাদেশ ব্যাংক কলোনী, ফরেস্ট কলোনী ইত্যাদি রয়েছে। জাম্বুরী ফিল্ড এর উন্নয়ন করা হলে তা আশে পাশের এলাকাসহ চট্রগ্রামবাসীর বিনোদন কেন্দ্র হিসেবে গড়ে উঠবে। এ লক্ষ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ ও বাস্তবায়ন করা হয়েছে।

৫.১। প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ:

- চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরী ফিল্ডে একটি উন্নত মানের পার্ক স্থাপন।

৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৭৪.৮১	২৩৭২.৩২	১৮৫৩.০০ (৭৮.১১%)	জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৮	জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৮	জানুয়ারি ২০১৬ থেকে জুন ২০১৮	**৫১৯.৩২ (২২%)**	--

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন ((গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১।	সোএল ইনভেসটিগেশন		২.৫০	১০০%	২.৫০	১০০%
০২।	কন্সট্রাকশন অব বিল্ডিং		৫৩৫.৯৬	১০০%	৩২৫.৯৯	১০০%
০৩।	ইন্টারনাল সেনেটারি এ্যন্ড ওয়াটার সাপলাই		১৯.৮৫	১০০%	১০.৭৩	১০০%
০৪।	ইন্টারনাল ইলেক্ট্রফিকেশন		২৪.৭২	১০০%	১৩.৪৮	১০০%

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
০৫।	এক্সটারনাল ওয়াটার সাপলাই স্যানিটেশন		৮১.৭০	১০০%	৫২.৬৬	১০০%
০৬।	এক্সটার্নাল ইলেক্ট্রফিকেশন		২০০.০০	১০০%	১৯৬.২৪	১০০%
০৭।	বাউন্ডারী ওয়াল		২০৭.৯১	১০০%	২০৬.৪০	১০০%
০৮।	কম্পাউন্ড রোড		৩৮৪.৫১	১০০%	৩২০.৮৬	১০০%
০৯।	কন্সট্রাকশন অব ড্রেন		২৭৪.৭৮	১০০%	১৫৮.৪৩	১০০%
১০।	সাইট ডেভোলপমেন্ট		১০৯.২৪	১০০%	৭১.০৮	১০০%
১১।	কন্সট্রাকশন অব ওয়াটার		২৩৭.৬৭	১০০%	২৩২.৮৩	১০০%
১২।	ফুল সেট অব ফানসান		২০০.০০	১০০%	২০০.০০	১০০%
১৩।	আরবোরিকালচার/ল্যান্ড স্ক্যাপিং		৩৫.০০	১০০%	৩৪.৬৬	১০০%
১৪।	ডেকোরেটিভ ফিটিংস		১০.০০	১০০%	৪.৯৩	১০০%
১৫।	লাইং স্টোন এ্যান্ড ইনুগ্রাল ওপেনিং		৫.০০	১০০%	৩.৫০	১০০%
১৬	এ্যকোস্টিক, সাউন্ড সিস্টেম এবং সিসি ক্যামেরা		৫.০০	১০০%	৩.৭৬	১০০%
১৭।	টেন্ডারিং, যানবাহন এবং অন্যান্য		১৫.০০	১০০%	১৪.৯৭	১০০%
১৮	ফিজিক্যাল কন্টিনজেন্সি		২৩.৪৮	--	--	--
	সর্বমোট		২৩৭২.৩২		১৮৫৩.০০	

০৮। প্রকল্পের মূল কার্যক্রম :

- অবকাঠামো উন্নয়ন (রোড, পুলিশ ষ্টেশন,পাম্প, টয়লেট, মেইন গেট, পানি সংগ্রহের স্থান সেন্ট্রি বক্স, ক্যান্টিন, টিকেট কাউন্টার, প্রার্থনার স্থান, সিটিং বেঞ্চ, ইত্যাদি) ৪৭৬৮.৭৭ ব:মি:;
- পানি সরবরাহ ও বিদ্যুতায়ন-২৩৮৪.৩৯ ব:মি:;
- সীমান প্রাচীর-২৪২৩.২৮ ব:মি:;
- আরসিসি রোড-৭৩১৮.৮৪ ব:মি:;
- ড্রেন-১৬৭০.২২ রা:মি:;
- সাইড উন্নয়ন ৩৬৬.৩২ ব:মি: এবং;
- খেলার উপকরন, ল্যান্ডস্কেপিং, পানির ফোয়ারা ইত্যাদিসহ আনুষঙ্গিক কাজ।

০৯। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পটির সর্বশেষ সংশোধতি অনুমোদিত প্রাক্কলতি ব্যয় ২৩৭২.৩২ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৮৫৩.০০ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলতি ব্যয়ের ৭৮%। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে। অর্থাৎ প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০% সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মিহির চক্রবর্তী (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	-	খন্ডকালীন	০৪/০৫/২০১৫	২৮/১২/২০১৭
বিজয় কুমার মন্ডল (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	-	খন্ডকালীন	২৮/১২/২০১৭	৩০/০১/২০১৮
ওম প্রকাশ নন্দী (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	-	খন্ডকালীন	৩০/০১/২০১৮	৩০/০৬/২০১৮

১১। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

বিগত ২৩/১০/২০১৮খ্রিঃ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাবমশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয় ।এ সময়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা গণ উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র :</u>









১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত
ক) চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরী ফিল্ডে একটি উন্নত মানের পার্ক স্থাপন।	ক) চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরী ফিল্ডে একটি উন্নত মানের পার্ক স্থাপন করা হয়েছে।

১৩। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব: চট্রগ্রামের আগ্রাবাদে অবস্থিত জাম্বুরী ফিল্ডে একটি উন্নত মানের পার্ক স্থাপন করা হয়েছে। উক্ত পার্ক সর্বসাধারনের জন্য সার্বক্ষনিক ব্যবহারের সুযোগ রয়েছে। সকাল-বিকাল পার্কে ভ্রমন তথা হাঁটা-হাটির মাধ্যমে আগ্রাবাদ এলাকার জনসাধারন সুস্থাস্থ্যের অধিকারী হওয়ার সুযোগ তৈরী হয়েছে।

১৪। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশ গ্রহণ করেছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৬। **পর্যবেক্ষণ:**

১৬.১ Time & cost over run: প্রকল্পটির মূল ডিপিপি ১৯৭৪.৮১ লক্ষ টাকার প্রাক্কলনে জানুয়ারী ২০১৬ হতে জুন ২০১৮ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। পরবর্তীতে ২৩৭২.৩২ লক্ষ টাকা ব্যয় নির্ধারণপূর্বক প্রকল্প সংশোধন করা হয়। প্রকল্পটি যথাসময়ে সমাপ্ত হয়েছে।

১৬.২ অডিট সম্পন্ন নাহওয়া : প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে , প্রকল্প বাস্তবায়নকালে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পন্ন হয়নি এবং অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি;

১৬.৩ পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা না হওয়া: প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৬৪. প্রকল্পের আওতায় নির্মিত পার্কে কোন প্রবেশ ফি নেয়া হচ্ছে না। অথচ নির্মিত পার্কের রক্ষনাবেক্ষণ ও পরিবেশ সুন্দর রাখার জন্য কোন ব্যবস্থা নেই।

১৭। <u>সুপারিশ/ মতামত :</u>

১৭.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ভবিষ্যতে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৭.২ ভবিষ্যতে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;

১৭.৩ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট দ্রুত সম্পন্নকরতঃ অডিট প্রতিবেদন আইএমইডি'তে **প্রেরণ** করতে হবে;

১৭৪. প্রকল্পের আওতায় নির্মিত পার্কে কোন প্রবেশ ফি নেয়া যায় কিনা সে বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ চিন্তা করতে পারে। পার্কের পরিবেশ সুন্দর রাখঅর জন্য এবং পার্কের রক্ষণাবেক্ষণ খরচ নির্বাহের জন্য পার্ক ও ঢোকার টোকেন ফি চালু করা যেতে পারে।

১৭.৫ যে কোন প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিতে পিসিআর প্রেরণের বিষয়টি ভবিষ্যতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৭.৬ অনুচ্ছেদ ১৭.১ হতে **১৭.৫** পর্যন্ত সুপারিশ সমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিক ভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পূনঃনির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন'২০১৮)

১। **প্রকল্পের নাম** : শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পূনঃনির্মাণ।

২। **উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা।

৪। **প্রকল্পের অবস্থান** : শিরোমনি শিল্প এলাকা, খুলনা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মুল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মুল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২০৯.১৭৬	২১৮৮.৮৭	২১৩১.৩৬	জানুয়ারি ২০১৫ থেকে জুন ২০১৭'	জানুয়ারি ২০১৫ থেকে জুন ২০১৮	জানুয়ারি ২০১৫ থেকে জুন ২০১৮	৫৭.৫১ (২.৬৩%)	১ বছর ০ মাস (১৪০%)

<u>প্রকল্পের পটভূমি:</u>

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) সৃষ্টির পরপরই ১৯৬৩ সালে শিরোমনি এলাকায় ৫৭৫ একর জমি অধিগ্রহণ করে শিরোমনি শিল্প এলাকা উন্নয়ন করা হয়। শিল্প এলাকায় ১২০ টি শিল্প প্লট উন্নয়ন ও বরাদ্দ প্রদান করা হয়। শিল্প এলাকাটি সিটি কর্পোরেশন এলাকার বাইরে অবস্থিত। শিল্প এলাকায় কেবল শিল্প, জুট স্পিনার্স, বিআরটিএ, সড়ক ও জনপদ বিভাগের মেক্যানিকাল স্টোর, পল্লী বিদ্যুাতায়ন বোর্ড এর কেন্দ্রিয় ওয়ারহাউস,ফুড ফ্যাক্টরি মিতালী ফিস ফ্যাক্টরি, বিএডিসি গোডাউন,পোলস এন্ড কনক্রিট লিঃ ইত্যাদি শিল্প গড়ে উঠেছে। প্রত্যেক বছর শিল্প এলাকা হতে সরকার প্রায় ৭০ কোটি টাকা রাজস্ব পেয়ে থাকে।

যশোর – খুলনা মহাসড়ক ও ভৈরব নদীর ঘাটের মধ্যে বিদ্যমান প্রধান সড়ক এবং অন্যান্য অভ্যন্তরীণ সড়ক সমূহ দীর্ঘ দিন মেরামত ও রক্ষণাবেক্ষণ না হওয়ায় যানবাহন চলাচলের অনুপোযোগী হয়ে পড়েছে। ফলে শিল্প কারখানা গুলিতে সময়মত কাচাঁমাল সরবরাহ ও উৎপাদিত পন্য সঠিক সময়ে পরিবহন সম্ভব হচ্ছে না। ফলে সরকারের রাজস্ব আয় কমে যাচ্ছে।এই বিবেচনায় সড়কসমূহ পূনঃনির্মাণ করা অত্যাবশ্যকীয়।

প্রকল্পটি বাস্তবায়িত হলে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নের পাশাপাশি খুলনা ও নড়াইল জেলার মধ্যে যাতায়াত ব্যবস্থা সহজতর হবে। শিল্প কারখানার পন্য পরিবহন ব্যবস্থা উন্নত হবে সর্বপরি নতুন শিল্প কারখানা গড়ে উঠবে ,শিল্পায়ন হবে। ফলে অর্থনৈতিক কর্মকান্ডে গতি আসবে সরকারের রাজস্ব আয় বাড়বে। নতুন নতুন শিল্প কারখানা গড়ে উঠলে কর্মসংস্থান হবে এবং দারিদ্র্য বিমোচন হবে।

বাস্তব অবস্থা, শিল্প মালিকদের অনুরোধ ও জনপ্রতিনিধিদের অনুরোধে 'শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পুনঃনির্মাণ' শীর্ষক প্রকল্পটি গ্রহন করা হয়েছে। ব হুলপ্রত্যাশিত রুপসা ব্রীজ খুলে দেওয়া হয়েছে। পদ্মা ব্রীজ এর নির্মাণ কাজ চলছে। এ ইসব প্রকল্প বাস্তবায়িত হলে দক্ষিন-পশ্চিম অ ঞ্চলের ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে ফলে খুলনা শহরের গুরুত্ব বেড়ে যাবে খুব স্বাভাবিকভাবে শিরোমনি শিল্প এলাকায় নতুন কারখানা গড়ে উঠবে শিল্পায়ন হবে অর্থনৈতিক কর্মকান্ডে গতি আসবে । এই বিবেচনায় প্রকল্পটি বাস্তবায়ন করা প্রয়োজন।

০৬। **প্রকল্পের উদ্দেশ্য: এ প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:**

- শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পুনঃনির্মাণ;
- সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;
- নতুন শিল্প কারখানা স্থাপনের সুযোগ সৃষ্টি; এবং
- কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচন।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :** প্রকল্পের আওতায় শিরোমনি শিল্প এলাকার ৭.৫২ কি:মি: সড়ক পুন:নির্মাণ; ০৩ টি কালভার্ট; ২৬৩৬.৩৯ মি: ড্রেন; ১৯৬২.৩০ মি: ডিবাইডার নির্মাণের সংস্থান রয়েছে।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :** প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২১৮৮.৮৭ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২১৩১.৩৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৭%।

৮। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
১	ট্রাভেলিং এক্সপেন্সিস	থোক	৫.১৭	-	৫.১০	-
২	টেলিফোন এক্সপেনডিচার	থোক	০.১০	-	০.১০	-
৩	স্টেশনারী	থোক	২.০০	-	২.০০	-
৪	এ্যাডভারটিসমেন্ট	থোক	১.০৫	-	১.০৩	-
৫	ইন্টারটেইনমেন্ট	থোক	০.৬৫	-	০.৫৫	-
৬	অনারিয়াম	থোক	০.৪৭	-	০.৪৭	-
৭	অন্যান্য	থোক	০.৫৬	-	-	-
৮	রোড রিকন্সট্রাকশন	৭.৫২ কি.মি.	১৬৬৮.২৬	১৮৮.৭২	১৬৬৮.২৬	১৮০.৪৬
৯	কন্সট্রাকশন অব বক্স কালভার্ট	৩ সংখ্যা	৬৮.১০	-	৬৭.৯৮	-
১০	কন্সট্রাকশন অব ড্রেন	২৬৩৬.৩৯ মি.	১৭৫.৭২	১১.৮৯	১৩৯.১৮	-
১১	কন্সট্রাকশন অব রোড ডিভিডার	১৯৬২.৩০ মি.	৬৬.১৮	-	৬৬.১৩	-
	সর্বমোট	-	১৯৮৮.২৬	২০০.৬১	১৯৫০.৯০	১৮০.৪৬

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নামওপদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব মর্তুজা আল মামুন নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	২৬/০৫/২০১৫	৩০/০৬/২০১৮

১০। **প্রকল্প অফিস পরিদর্শন ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

গত ১৮/১০/২০১৮খ্রিঃ তারিখেআইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান কর্তৃক প্রকল্প এলাকা পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের বাস্তবায়ন কতিপয় চিত্র:</u>













১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত
ক) শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পুনঃনির্মাণ;	ক) শিরোমনি শিল্প এলাকার প্রধান সড়কসমূহ পুনঃনির্মাণ করা হয়েছে;
খ) সড়ক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন;	খ) শিরোমনি শিল্প এলাকার বিভিন্ন শিল্প কারখানার অভ্যন্তরীণ যোগাযোগ ব্যবস্থা উন্নত হয়েছে।
গ) নতুন শিল্প কারখানা স্থাপনের সুযোগ সৃষ্টি; এবং	গ) শিরোমনি শিল্প এলাকার নতুন শিল্প কারখানার স্থাপনের পরিবেশ সৃষ্টি হয়েছে।
ঘ) কর্মসংস্থান ও দারিদ্র্য বিমোচন।	ঘ) ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটেছে, কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হয়েছে এবং দারিদ্র্য বিমোচন সহায়ক হয়েছে।

১২। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

প্রত্যক্ষ প্রভাব : শিরোমনি শিল্প এলাকার যোগাযোগ ব্যবস্তা উন্নত হওয়ায় নতুন শিল্প কারখানার স্থাপনের পরিবেশ সৃষ্টি হয়েছে। ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটেছে। শিল্পায়নের ফলে অর্থনৈতিক কর্মকান্ডে গতি আসছে সরকারের রাজস্ব আয় বাড়বে।

পরোক্ষ প্রভাব: শিরোমনি শিল্প এলাকার যোগাযোগ ব্যবস্তা উন্নত হওয়ায় খুলনা ও নড়াইল জেলার মধ্যে যাতায়াত সহজতর হয়েছে। তাছাড়া পদ্মা ব্রীজ এর নির্মাণ কাজ শেষ হলে রুপসা ব্রীজ হয়ে খুলনা হতে ঢাকার মধ্যে যোগাযোগ ব্যবস্থা আরো উন্নত হবে তখন এই শিল্পাঞ্চলে আরো নতুন শিল্প কারখানা গড়ে উঠবে দক্ষিন-পশ্চিম অঞ্চলের ব্যবসা বাণিজ্যের প্রসার ঘটবে কর্মসংস্থান সুযোগ সৃষ্টি হবে এবং দারিদ্র্য বিমোচন সহায়ক হবে।

১৩। পর্যবেক্ষণ:

১৩.১ **Time over run**: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ১২ মাস সময় বেশী (৪০%) ব্যয় হয়েছে। ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৩. **Cost under run**: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় বাস্তবায়ন ব্যয় হ্রাস পেয়েছে । মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২২০৯ .১৭৬ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে একবার সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয়

নির্ধারিত হয় ২১৮৮.৮৭ লক্ষ টাকা। মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২০.৩১ লক্ষ টাকা হ্রাস পেয়েছে (২.৩৯%)।

১৩.৪। **নির্মিত ড্রেনের এ্যালাইনমেন্টের মধ্যে আবর্জনা পড়ে থাকাঃ** পরিদর্শনকালে দেখা যায় যে, কয়েকটি জায়গায় নির্মিত ড্রেনের এ্যালাইনমেন্টের মধ্যে ময়লা আবর্জনা পড়ে রয়েছে। ফলে ড্রেনের ময়লা পানি প্রবাহে বিঘ্ন ঘটছে।

১৩.২ প্রকল্পের আওতায় নির্মিত রাস্তার মাঝে ডিভাইডার অংশ সবুজায়নের মাধ্যমে রাস্তার সৌন্দর্য ও ও সুন্দর পরিবেশ গঠনে সহায়ক ভুমিকা পালন করবে। নির্মিত রাস্তার মাঝে ডিভাইডার অংশে কোন সবুজায়নের ব্যবস্থা করা হয়নি।

১৩.৫ **পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন না করা :** প্রকল্প দলিল অনুসারে প্রকল্প বাস্তবায়নকালে প্রতিমাসে অন্তত বার ০১ বাস্তবায়ন কমিটি (পিআইসি) সভা ও দুই মাস অন্তর ০১ বার ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়নি। প্রকল্পের আওতায় Internal Audit সম্পন্ন হয়নি।

১৩.৬ **অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া:** প্রকল্পের আওতায় কোন Internal Audit **সম্পন্ন হয়নি এবং** গত ১৮/০১/২০১৮ তারিখে এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে তবে অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়নি মর্মে PCR এ উল্লেখ করা হয়েছে। তাছাড়া অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৪। <u>সুপারিশ/ মতামত :</u>

১৪.১। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৪.২। নির্মিত ড্রেনের এ্যালাইনমেন্টের মধ্যে ময়লা আবর্জনা পড়ে রয়েছে। ফলে ড্রেনের ময়লা পানি প্রবাহে বিঘ্ন ঘটছে। সে ব্যাপারে খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ মনিটরিং কার্যক্রম জোরদার করতে পারে;

১৪.৩। প্রকল্পের আওতায় নির্মিত রাস্তার মাঝে ডিভাইডার অংশ সবুজায়নের মাধ্যমে রাস্তার সৌন্দর্য ও ও সুন্দর পরিবেশ গঠনে সহায়ক ভুমিকা পালন করবে। এ বিষয়ে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৪.৪। ভবিষ্যতে প্রকল্প গ্রহণের ক্ষেত্রে মনিটরিং ব্যবস্থা জোরদারকরনের লক্ষ্যে এবং প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে প্রকল্পের অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৪.৫। প্রকল্প সমাপ্তির পর পিসিআর প্রণয়নে বাস্তবায়নকারী সংস্থাকে আরও যত্নশীল হতে হবে এবং অত্র প্রকল্পের অডিট আপত্তি নিষ্পত্তিকরতঃ অডিট প্রতিবেদন দ্রুত আইএমইডি'তে প্রেরণকরতে হবে; এবং

১৪.৬। অনুচ্ছেদ ১৪.১ হতে ১৪.৫ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী০১ (এক) মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপশহর’ উন্নয়ন সমীক্ষা শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্ত: মার্চ ২০১৮)

১। প্রকল্পের নাম : মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপশহর’ উন্নয়ন সমীক্ষা প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের অবস্থান : মাদারীপুর জেলার শিবচর উপজেলা।

৫। প্রকল্পের পটভূমি:

বাংলাদেশ পৃথিবীতে সবচেয়ে জনঘনত্বপূর্ণ দেশ এবং জনগণ দ্রুত শহরকেন্দ্রিক হচ্ছে। বর্তমান গতিতে শহুরায়ন হতে থাকলে ২০৫১ সালের মধ্যে ৫৫ ভাগ মানুষ শহরে বাস করবে । এ জন্য প্রয়োজন পরিকল্পিত শহর ও অবকাঠামো । উল্লেখ্য ,পদ্মা সেতু নির্মাণ শেষ হলে বাংলাদেশের জিডিপি ১ পশ্চিম অঞ্চলের জনগণ - বৃদ্ধি পাবে । এ ছাড়াও দেশের দক্ষিণ %২. ব্যাপকভাবে উপকৃত হবে।পদ্মা সেতুর নির্মাণের ফলে শিল্পায়ন ও নতুন উপশহরতৈরী হবে । এসব বিষয় বিবেচনা করেই গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের এর আওতায় জাতীয় গৃহায়ণ কৃর্তক ‘মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপশহর’ উন্নয়ন সমীক্ষা প্রকল্প” শীর্ষক সমীক্ষা প্রকল্পটি গ্রহণ করা হয়।

৬। প্রকল্পের মূল উদ্দেশ্য:

৬.১। ক) ‘মাদারীপুর জেলার শিবচর উপজেলায় ‘বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান উপশহর’ উন্নয়ন স্টাডি সমীক্ষা প্রণয়ন করাই প্রকল্পের মূল উদ্দেশ্য।

৬.২ । প্রকল্পের পরোক্ষ উদ্দেশ্য:

ক) ঢাকায় জনগণের ঘনত্ব ও অর্থনৈতিক চাপ কমানো;
খ) পরিকল্পিত উন্নয়ন ও শহরের জমির সঠিক ব্যবহার নিশ্চিত করা;
গ) শহরের অবকাঠামো (যেমন ড্রেন, বর্জ্য ব্যবস্থাপনা) ইত্যাদির উন্নয়ন করা;
ঘ) পাবলিক প্রাইভেট ইনোভেটিভ মডেল অবলম্বন করা;
ঙ) পরিকল্পিতভাবে ও স্বাস্থ্যসম্মত পরিবেশে স্বল্প পরিমাণ জমিতে আবাসন ব্যবহার করে আবাসন সমস্যার সমাধান করা;
চ) নাগরিক সুবিধা প্রদান করা;
ছ) ঢাকা শহরের পাশে একটি স্বয়ংসম্পর্ণ শহর গড়ে তোলা
জ) আবাসন শিল্প ও বাণিজ্যিক ক্ষেত্রে বিনিয়োগ বাড়ানো;
ঝ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত-হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৬৫.৭০	**৬৫.৭০**	**১৬.০০ (২৪.৩৫%)**	জুলাই, ২০১৭ হতে সেপ্টেম্বর ২০১৭	জুলাই, ২০১৭ হতে মার্চ, ২০১৮	জুলাই, ২০১৭ হতে মার্চ, ২০১৮	**হ্রাসকৃত ব্যয় ৪৯.৭০** (৭৬%)	**৬মাস** (২০০%)

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃতবাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	টেশনারী,সিল এবং স্ট্যাম্প	থোক	২.০০	থোক	০.৫০	থোক
০২।	পাবলিসিটি এবং বিজ্ঞপ্তি	থোক	১.০০	থোক	-	-
০৩।	গাড়ি ভাড়া	থোক	১.০০	থোক	০.৫০	থোক
০৪।	পরামর্শক	থোক	৫৮.০০	থোক	১৪.৩৮	২৫%
০৫ ।	সম্মানী / রেমুনারেশন	থোক	০.৫০	থোক	০.৩০	থোক
০৬।	অন্যান্য	থোক	৩.২০	থোক	০.৩২	থোক
সর্বমোট		থোক	৬৫.৭০	থোক	১৬.০০ (২৪.৩৫%)	থোক

৯। **প্রকল্পের মূল কার্যক্রম:**

পরামর্শক কর্তৃক ফিজিবিলিটি স্ট্যাডি রিপোর্ট প্রণয়ন ।

১০। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির অনুমোদিত প্রাক্কলিতব্যয় **৬৫.৭০**লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে **১৬.০০**লক্ষ টাকা যা প্রাক্কলিত ব্যয়ের ২৪%।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	**খন্ডকালীন**	**দায়িত্বকাল**	
			হতে	**পর্যন্ত**
মনিরুল হক মোতাইদ নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	০৬/০৮/২০১৭খ্রি:	৩১/০৩/২০১৮খ্রি:

১২। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

বিগত ২৭/০৭/২০১ ৯তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্প পদির্শনের কতিপয় চিত্র:



চিত্র নং-১:



চিত্র নং-২:



চিত্র নং-৩:



চিত্র নং-৪:

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
ক) ঢাকায় জনগণের ঘনত্ব ও অর্থনৈতিক চাপ কমানো; খ) পরিকল্পিত উন্নয়ন ও শহরের জমির সঠিক ব্যবহার নিশ্চিত করা; গ) শহরের অবকাঠামো (যেমন ড্রেন, বর্জ্য ব্যবস্থাপনা) ইত্যাদির উন্নয়ন করা; ঘ) পাবলিক প্রাইভেট ইনোভেটিভ মডেল অবলম্বন করা; ঙ) পরিকল্পিতভাবে ও স্বাস্থ্যসম্মত পরিবেশে স্বল্প পরিমাণ জমিতে আবাসন ব্যবহার করে আবাসন সমস্যার সমাধান করা; চ) নাগরিক সুবিধা প্রদান করা; ছ) ঢাকা শহরের পাশে একটি স্বয়ংসম্পর্ণ শহর গড়ে তোলা জ) আবাসন শিল্প ও বাণিজ্যিক ক্ষেত্রে বিনিয়োগ বাড়ানো; ঝ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।	ক)সমীক্ষা কার্যক্রমটি অসম্পূর্ণ রেখেই সমাপ্ত করা হয়েছে বিধায় **প্রকল্পের উদ্দেশ্য অর্জিত হয়নি ।** খ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** গ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** ঘ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** ঙ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** চ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** ছ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** জ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।** ঝ) **প্রকল্পের এ উদ্দেশ্য অর্জিত হয়নি।**	সমীক্ষা কাজ আংশিক সম্পন্ন করা হয়েছে। প্রকল্প এলাকা খুবই vulnerable এবং নদী ভাঙ্গনে পুনরায় এ চর ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে এ অঞ্চলটিতে (sattelite town) স্যাটেলাইট টাউন গড়ে তোলা ঝুঁকিপূর্ণ হতে পারে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায়। তাই সমীক্ষা কার্যক্রমটি অসম্পূর্ণ রেখেই সমাপ্ত করা হয়েছে মর্মে জানা যায়।

১৪। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

সমীক্ষা কাজটির আংশিক সম্পন্ন করা হয়েছে। প্রকল্প এলাকা খুবই vulnerable এবং নদী ভাঙ্গনে পুনরায় এ চর ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে। ফলে এ অঞ্চলটিতে (sattelite town)স্যাটেলাইট টাউন গড়ে তোলা ঝুঁকিপূর্ণ হতে পারে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায়। এমতাবস্থায়, সমীক্ষা কার্যক্রমটি অসম্পূর্ণ রেখেই সমাপ্ত করা হয়েছে।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে;
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৬। **সার্বিক পর্যবেক্ষণ:**

১৬.১। **Time overrun**:

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে । মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৬মাস সময় বেশী (২০০%) ব্যয় হয়েছে।

১৬.২। **Cost over run:**

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় কমহয়েছে । মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৬৫.৭০ লক্ষ টাকা।তবে প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬.০০ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় **৪৯.৭** লক্ষ টাকা কম। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনায় ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৬.৩ কাজের অগ্রগতি:

১৬.৩। জুলাই, ২০১৭হতেমার্চ, ২০১৮পর্যন্ত মেয়াদে প্রকল্পের মাত্র ২৫% কাজ সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর পর্যবেক্ষণে পাওয়া যায়। বাকী ৭৫% প্রকল্পের কাজ অসম্পূর্ণ রয়েছে। প্রকল্পের মাধ্যমে একটি ফিজিবিলিটি স্ট্যাডি প্রতিবেদন প্রণয়ন করা হয়েছে তবে তা আইএমইডিতে প্রেরণ করা হয়নি। আলোচ্য সমীক্ষা প্রকল্পটি চর এলাকায় প্রায় ১০,০০০ বর্গ কিলোমিটার অঞ্চল ব্যাপী অবস্থিত।সমীক্ষা চলাকালে দেখা যায় , প্রকল্প এলাকা খুবই vulnerable।নদীভাঙ্গনে পুনরায় এ চর ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে বিধায় অঞ্চলটিতে (satellite town) স্যাটেলাইট টাউন গড়ে তোলা ঝুঁকিপূর্ণ হতে পারে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায় । সে বিবেচনায় অত্র এলাকায় সমীক্ষা কার্যক্রমটি অসম্পূর্ণ অবস্থায় সমাপ্ত করা হয়েছে ।

১৭। সুপারিশ/ মতামত :

১৭.১। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপিরতুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে । মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৬ মাস সময় বেশী (২০০%) ব্যয় হয়েছে। ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনার মাধ্যমে অগ্রসর হতে হবে;

১৭.২। প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় কমহয়েছে । মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৬৫.৭০ লক্ষ টাকা। তবে প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬.০০ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় **৪৯.৭** লক্ষ টাকা কম হয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনায় ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয় । ভবিষ্যতে প্রকল্প গ্রহণকালে বিষয়টি যথাযথভাবে বিবেচনা করতে হবে;

১৭.৩। জুলাই, ২০১৭ হতে মার্চ, ২০১৮ পর্যন্ত মেয়াদে প্রকল্পের মাত্র ২৫% কাজ সম্পন্ন হয়েছে মর্মে পিসিআর পর্যবেক্ষণে পাওয়া যায়। বাকী ৭৫% প্রকল্পের কাজ অসম্পূর্ণ রয়েছে। আলোচ্য সমীক্ষা প্রকল্পটি চর এলাকায় প্রায় ১০,০০০ বর্গ কিলোমিটার অঞ্চল ব্যাপী অবস্থিত।সমীক্ষা চলাকালে দেখা যায়, প্রকল্প এলাকা খুবই vulnerable। নদী ভাঙ্গনে পুনরায় এ চর ভেঙ্গে যাওয়ার সম্ভাবনা রয়েছে বিধায় অঞ্চলটিতে (satellite town) স্যাটেলাইট টাউন গড়ে তোলা ঝুঁকিপূর্ণ হতে পারে সমীক্ষা কার্যক্রমটি অসম্পূর্ণ অবস্থায় সমাপ্ত করা হয়েছে। বিষয়টি পুনর্বিবেচনা/অধিকতর পর্যবেক্ষণপূর্বক তার ফলাফল এবং প্রকল্পের মাধ্যমে প্রণীত ফিজিবিলিটি স্ট্যাডি প্রতিবেদন আইএমইডিতে প্রেরণ করতে হবে;

১৭.৪। ভবিষ্যতে প্রকল্পের কাজ অসমাপ্ত রেখে প্রকল্প সমাপ্ত ঘোষণার ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের "সরকারী খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি" শীর্ষক পরিপত্রের ১৬.১৮অনুচ্ছেদ মোতাবেক আনুষ্ঠানিকতা অনুসরণপূর্বক আইএমইডিকে অবহিত করতে হবে; এবং

১৭.৫। অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৪ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

বিপনী বিতানের আধুনিকায়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ **শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়নপ্রতিবেদন**
(সমাপ্ত: জুন'২০১৮)

১। **প্রকল্পের নাম** : "বিপনী বিতানের আধুনিকায়ন ও সুযোগ সুবিধা বৃদ্ধিকরণ"।

২। **উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক)।

৪। **প্রকল্পের অবস্থান** : চট্টগ্রাম নিউমার্কেট এলাকা, চট্টগ্রাম।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**
মূল	**সর্বশেষ সংশোধিত**	**মূল**	**সর্বশেষ সংশোধিত**	
১	**২**	**৪**	**৫**	**৬**
৩৩৮১.২৯৮	২৩৫৯.২৪৯	জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১১	জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৮	জানুয়ারী, ২০০৯ হতে জুন, ২০১৮

০৬। **প্রকল্পের উদ্দেশ্য :**

ক) চট্রগ্রাম শহরের বর্ধিত চাহিদার আলোকে পরিকল্পিত বিপণী বিতানের চাহিদা পূরণ;

খ) পুরাতন বিপণী বিতানের সংস্কারের মাধ্যমে দীর্ঘ স্থায়ীকরণ; এবং

গ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

ক) গ্যাস, ফুয়েল, পেট্রোল এবং লুবরিক্যান্ট;

খ) স্টেশনারী, সেল এ্যান্ড স্ট্যাম্প;

গ) কম্পিউটার, প্রিন্টার, এক্সেসোরিস বেহিকেল মেইনটেনেন্স ;

ঘ) কস্ট অব নিউ বিল্ডিং ফাউন্ডেশন;

ঙ) কস্ট অব নিউ বিল্ডিং সুপার স্ট্রাকচার;

চ) রেটরোফিটিং এবং রুপটপ ট্রিটমেনট;

ছ) ওয়াটার সাপলাই এবং সেনিটেশন;

জ) ওয়াটার সাপলাই এবং সেনিটেশন;

ঝ) সাব স্টেশন;

ঞ) সাব স্টেশন অব সুইচ রুম;

ট) এইচ.টি লাইন;

ঠ) এল. টি লাইন ট্রান্সফরমার ইটিসি এবং

ঢ) যানবাহন।

৮। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	রেনটাল অব ভিকলস	থোক	২১.০০	১০০%	০০.০০০	০%
০২।	গ্যাস, ফুয়েল, পেট্রোল এবং লুবরিক্যান্ট	থোক	২.৪০০	১০০%	১.৭৮৫	৭৪.৩৭%
০৩।	স্টেশনারী, সেল এ্যান্ড স্ট্যাম্প	থোক	৩.০০০	১০০%	১.৭৯৮	৫৯.৯৩%
০৪।	পাবলিশিং এবং এ্যাডভারটিসমেন্ট	থোক	১২.০০০	১০০%	৯.১৪১	৭৬.১৭%
০৫।	টেমপোরারি লেবার	থোক	৪০০০	১০০%	০.৭২৫	১৮.১২%
০৬।	কম্পিউটার, প্রিন্টার, এক্সেসোরিস	থোক	১.৫০০	১০০%	০.৯০৪	৬০.২৬%
০৭।	বেহিকেল মেইনটেনেন্স	থোক	৫.০০০	১০০%	২.৯৯৭	৫৯.৯৪%
০৮।	কস্ট অব নিউ বিল্ডিং ফাউন্ডেশন	২৮৬.৪৬ ব:মি	৫৪.৯৩০	১০০%	৫৪.৯৩০	১০০%
০৯।	কস্ট অব নিউ বিল্ডিং সুপার স্ট্রাকচার	১৪২২.৩২ ব:মি	২৭৪.৬৭৯	১০০%	২৭৪.৬৭৯	১০০%
১০।	লিফট কোর এ্যান্ড ইসকেলেটর রুম	থোক	৮৮.৮১০	১০০%	৮৮.৮১০	১০০%
১১।	রেটরোফিটিং এবং রুপটপ ট্রিটমেনট	১৪৫০.৯৬ ব:মি	১৪০.৮২০	১০০%	১৪০.৮২০	১০০%
১২।	কস্ট অব টাইলস/মোসিক ওয়াক	১৬৪৭.১৬ ব:মি	৩৪.৮০০	১০০%	৩৪.৮০০	১০০%
১৩।	ওয়াটার সাপলাই এবং সেনিটেশন	২২৩০.৪৮ ব:মি	৮৬.৯২০	১০০%	৮৬.৯২০	১০০%
১৪।	ক) সাব স্টেশন খ) সাব স্টেশন অব সুইচ রুম , এইচ.টি লাইন এল. টি লাইন ট্রান্সফরমার ইটিসি	থোক থোক	১৬৫.০০০ ৮২.০০০	১০০% ১০০%	৭৭.০৩৫ ৪২.১৩৯	৪৬.৪৮% ৫১.৩৮%
১৫।	কস্ট অব সালটার, গ্রিল রেলিং এলকো পেনেল,পেন্টিং ইটিসি	থোক	২৪৩.০৯০	১০০%	২৪৩.০৯০	১০০%
১৬।	যানবাহন	১ টি জীপ, ১ টি পিকআপ ও ২ টি মোটর সাইকেল	৪১.৫৬	১ টি জীপ, ১ টি পিকআপ ও ২ টি মোটর সাইকেল	৪১.৫৬	১ টি জীপ, ১ টি পিকআপ ও ৪ টি মোটর সাইকেল
১৭।	টুলস প্লান্ট	--	১.৫৩	--	১.৫৩	--
১৮।	আরবোরিকালচার	৫০০০টি	৮৪.০০	৫০০০টি	৭৮.৬৪	৫০০০টি
১৯।	আসবাবপত্র	থোক	১০.৯৫	থোক	১০.৯৫	থোক
২০।	মেইনটেনেন্স	থোক	৪৪.২২	থোক	৩৯.৬৭	থোক
২১।	প্রাইস কন্টিনজেন্সি	--	০	--	--	--
২২।	ফিজিকাল কন্টিনজেন্সি		৩০০.০০	--	১৭৮.৮৮	--
২৩।	**সর্বমোট**		২৩৫৯.২৪৯		১৬০৯.০৭৮	-

০৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৩৫৯.২৪৯ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬০৯.০৭৮ লক্ষ টাকা,যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৬৮% । বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব আহাম্মদ মঈনুদ্দিন নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	০১/০১/২০০৯	৩১/১০/২০১৭
জনাব,এ,এইচ,এম মেজবাহ উদ্দিন আহমেদ সহকারী প্রকৌশলী	খন্ডকালীন	৩১/১০/২০১৭	৩০/০৬/২০১৮

১১। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

বিগত ২৩/১০/২০১৮তারিখে আইএমইডি'র উপ-পরিচালক জনাব মশিউর রহমান কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের বাস্তবায়নের কতিপয় চিত্র</u>:













১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত	অত্রবিভাগেরমন্তব্য
ক) চট্রগ্রাম শহরের বর্ধিত চাহিদার আলোকে পরিকল্পিত বিপণী বিতানের চাহিদা পূরণ; খ) পুরাতন বিপণী বিতানের সংস্কারের মাধ্যমে দীর্ঘ স্থায়ীকরণ; এবং গ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।	ক) চট্রগ্রাম শহরের বর্ধিত চাহিদার আলোকে পরিকল্পিত বিপণী বিতানের চাহিদা পূরণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; খ) পুরাতন বিপণী বিতানের সংস্কারের মাধ্যমে দীর্ঘ স্থায়ীকরণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; এবং গ) কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- চট্রগ্রাম শহরের বর্ধিত চাহিদার আলোকে পরিকল্পিত বিপণী বিতানের চাহিদা পূরণ করার ফলে পুরাতন বিপণী বিতানের সংস্কারের মাধ্যমে দীর্ঘ স্থায়ীকরণ করা হয়েছে । এতে অত্র এলাকা ঘিরে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধি পেয়েছে।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি ’র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে । মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৬ বছর সময়বেশী

(৩০০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে অত্যাধিক বিলম্ব ঘটেছে।

১৪.২ **Cost overrun:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্যহারে হ্রাস পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৩৩৮১.২৯ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২৩৫৯.২৪ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬০৯.০৭৮ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৭৭২.২১ লক্ষ টাকা হ্রাস পেয়েছে (৫২%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৪.৩। প্রকল্প পরিচালক বারবার পরিবর্তন :এ প্রকল্পের মেয়াদে ২ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে এবং ২ জনের মধ্যে ২ জনই খন্ডকালীন দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের কাজ করেছেন।

১৪.৪। **অডিট সম্পর্কিত তথ্য না থাকা:** প্রকল্পের আওতায় কোন Internal Audit সম্পন্ন হয়নি এবং গত ২৮/০১/২০১৮ হতে ১৬/০২/২০১৮ তারিখে এক্সটার্নাল অডিট সম্পন্ন হয়েছে তবে অডিট আপত্তি নিষ্পত্তি করা হয়নি মর্মে PCR এ উল্লেখ করা হয়েছে। তাছাড়া অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৫। সুপারিশ/ মতামত :

১৫.১। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তি প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৫.২। এ প্রকল্পের মেয়াদে ২ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে এবং২০ জনের মধ্যে ২ জনই খন্ডকালীন দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের কাজ করেছেন। জরুরী প্রয়োজন না হলে প্রকল্প সংশ্লিষ্ট জনবল বদলী/পরিবর্তন না করার জন্য মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৫.৩। মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে অডিট সংক্রান্ত নির্ধারিত কলামে কোনো তথ্য প্রদান করা হয়নি। আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে অত্র প্রকল্পের অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডি ও পরিকল্পনা কমিশনকে অবহিত করতে হবে;

১৫.৪। প্রকল্পটি বাস্তবায়নে অস্বাভাবিক কালক্ষেপন করা হয়েছে যা কাম্য নয়। প্রকল্প বাস্তবায়নে কালক্ষেপন করায় সংশ্লিষ্ট স্টেক হোল্ডারদের প্রকল্প হতে সুবিধা পেতে বিলম্ব হয়েছে;

১৫.৫। অনুচ্ছেদ ১৫ .১ হতে ১৫ .৪ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন'২০১৮)

১। প্রকল্পের নাম : "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর ফোরটিন উপজেলাস'' শীর্ষক প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : নগর উন্নয়ন অধিদপ্তর।

৪। প্রকল্প এলাকা :

বিভাগ	জেলা	উপজেলা	সিটি কর্পোরেশন/ পৌরসভা	সমগ্র বাংলাদেশ
৬	১১	১৪টি উপজেলা (নবাবগঞ্জ, দোহার, শিবচর, ঈশ্বরগঞ্জ, রায়পুরা, শিবপুর, বাঘমারা, ফরিদপুর সদর, গাংনী, সাঘাটা, সোনাতলা, সারিয়াকান্দি, রামু, রাঙ্গুনিয়া)।	১২ (পৌরসভা)	

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২০৫৪.৪৪	**২০৫৪.৪৪**	**১৯৯৯.৫৮**	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৫	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮	জুলাই, ২০১৩ হতে জুন, ২০১৮	**৫৪.৮৬** (৩%)	**৩৬ মাস** (১৫০%)

প্রকল্পের পটভূমি:

বিশ্বের অন্যান্য উন্নয়নশীল দেশের মত বাংলাদেশ ও সকল উন্নয়ন কর্মকান্ড গুটিকয়েক শহরকে কেন্দ্র করে আবর্তিত হয়। সে কারণে উন্নয়নের ফলাফল গুটিকয়েক নগরবাসী ভোগ করে , যা জাতীয় পর্যায়ে ভারসাম্যহীন এবং বৈষম্যমূলক ঝীবন মান তৈরী করেছে। এ অবস্থা উত্তরণে সারা দেশব্যাপী ছড়িয়ে থাকা ক্ষুদ্র নগর /শহরসমূহকে নগরায়ণ প্রক্রিয়ায় এনে বিদ্যমান নুন্যতম নাগরিক সেবা- সুবিধার মান বৃদ্ধির বিষয়টি গুরুত্বের সাথে দেখা প্রয়োজন। ক্ষুদ্র শহরসমূহের সেবার মান পরিকল্পিতভাবে বৃদ্ধি করতে পারলে প্রান্তিক জনগোষ্ঠীর জী বন মান উন্নয়ন করা সম্ভব। উল্লেখ্য , ১৯৯২ সালে দেশের সামগ্রিক অভ্যন্তরীণ উৎপাদনে (GDP), নগর সেক্টরের সরাসরি অবদান ছিল শতকরা ৩৮ ভাগ , যা গত ২০০১ সালে শতকরা ৪৫ ভাগে উন্নীত হয় এবং এ ধারাবাহিকতা বর্তমানে বজায় আছে। এ উন্নয়নের পেছনে দেশের সেকেন্ডারী নগরসমূহ ধারাবাহিকভাবে প্রশাসনিক এবং সামাজিক উন্নতির পাশাপাশি জাতীয় মহাসড়কের সাথে সহজ যোগাযোগ ব্যবস্থা এলাকাগুলোর উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করছে। বাস্তবে, ফলপ্রসু নগর পরিকল্পনার অভাব সেকেন্ডারী নগরগুলোতে অপরিকল্পিত নগরায়ন ও স্থানিক উন্নয়ন ঘটেছে দ্রুত হারে। এতে সবচেয়ে ক্ষতিগ্রস্থ হচ্ছে ভূমি। কারণ জমির পরিমাণ সীমিত। একে পরিকল্পিতভাবে ব্যবহার করতে না পারলে শহরগুলোতে নানাবিধ দুর্যোগ নেমে আসবে। অবশ্য সেকেন্ডারী নগরগুলোতে পরিকল্পিত উন্নয়ন কীভাবে হবে তাও জাতীয় পর্যায়ে উন্নয়ন নীতিমালায় যথেষ্ঠ নজর পায়নি। বর্তমানে প্রশাসনিক পুনর্বিণ্যাসকরণ প্রক্রিয়ায় উপজেলাকে প্রশাসনের একটি গুরুত্বপূর্ণ স্তর বলে চিহ্নিত করা হয়েছে। এই স্তরে উপজেলাসমূহের অন্তর্ভূক্ত সকল জনপদ প্রয়োজনীয় ভৌত -অবকাঠামোগত

অত্যাধুনিক নাগরিক সেবা -সুবিধাদিসহ পরিকল্পিত উপায়ে গড়ে তোলা প্রয়োজন। এই প্রক্রিয়ার মাধ্যমে সকল সরকারী , প্রশাসনিক, অর্থনৈতিক ও ভৌত -অবকাঠামোগত সুবিধাদি প্রস্তাবিত প্রকল্পের আওতায় প্রান্তিক জনগোষ্ঠীর নিকট পৌঁছে দেয়া সম্ভব হবে।

০৬। প্রকল্পের উদ্দেশ্য

- প্রকল্প এলাকার অর্থনৈতিক ও সামাজিক-রাজনৈতিক উন্নয়ন আরো গতিশীল করতে ভূমি ব্যবস্থাপনার তথ্যসমূহ একত্রিত ও যুক্তিযুক্তভাবে সমন্বয় করার বিষয়ে দিক নির্দেশনা প্রদান;
- যে কোন ধরনের অপরিকল্পিত উন্নয়ন থেকে গুরুত্বপূর্ণ কৃষি ভূমি সুরক্ষা করা;
- শহরকে ভৌত পরিকল্পনা, কৃষি, পরিবহন, ড্রেনেজ, পানি নিষ্কাষন, আবাসন ও অন্যান্য গুরুত্বপূর্ণ সেক্টরে প্রত্যক্ষ আর্থ-সামাজিক ভূমিকা পালন করতে সহায়ক করা;
- কাঠামোগত ও অ-কাঠামোগত হস্তক্ষেপের মাধ্যমে প্রকল্প এলাকায় দুর্যোগ ঝুকি প্রশমন করা;
- প্রকল্প এলাকায় জনগণের মাঝে প্রাকৃতিক দুর্যোগ প্রশমন সংক্রান্ত সচেতনতা তৈরি করা এবং
- প্রকল্প এলাকায় উপ-আঞ্চলিক পরিকল্পনা, কাঠামোগত পরিকল্পনা, শহর এলাকার পরিকল্পনা, গ্রামীণ এলাকার পরিকল্পনা ও একশন এরিয়া প্ল্যান প্রণয়ন করা।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম**:

- পরামর্শক (প্রতিষ্ঠান)
- মৌজা ম্যাপ ক্রয় (ফার্ম)
- স্যাটেলাইট ইমেজ ও অন্যান্য ডকুমেন্ট ক্রয় (ফার্ম)
- মৌজা ম্যাপ প্রক্রিয়াকরণ, ডিজিটাইজেশন ডাটাবেজ প্রস্তুত
- জরিপ ও সমীক্ষা
- হাইড্রোজিওলজিক্যাল ও প্রকৌশল জরিপ
- অন্যান্য জরিপ
- বেঞ্চমার্ক স্থাপন
- যানবাহন ভাড়া
- জ্বালানী ব্যয়
- অন্যান্য ব্যয় (সেমিনার, কর্মশালা, কন্টিনজেন্সি, প্রিন্টিং প্ল্যান ডকুমেন্ট, বিজ্ঞাপন ইত্যাদি)
- কম্পিউটার ও যন্ত্রপাতি ক্রয়
- জরিপ উপকরণ ক্রয়
- আসবাবপত্র ক্রয়

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২০৫৪.৪৪ লক্ষ টাকা । প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৯৯৯.৫৮ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৭ %। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

৯। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
১	পরামর্শকের বেতন	জনমাস	৩০৫.২৫	৪৩৫	৩০৫.২৫	৪৩৫
২	পরামর্শক ফার্ম কর্তৃক মৌজা ম্যাপ প্রকিউরম্যান্ট	সংখ্যা/সীট	৩১.৫০	৭০০০	৩১.৫০	৭০০০
৩	পরামর্শক ফার্ম কর্তৃক স্যাটালাইট ইমেজ এবং অন্যান্য ডকুমেন্ট প্রণয়ন	থোক	১৮২.৯৫	থোক	১৮২.৯৫	থোক
৪	মৌজা ম্যাপ স্ক্যানিং ডিজিটিজেশন ইমেজ প্রসেসিং এন্ড থ্রিডি ডিজিটিজেশন	থোক	২৬২.০৭	থোক	২৬২.০৭	থোক
৫	সার্ভেস এন্ড স্টাডিস বাই কনসালটিং ফার্ম	থোক	৪০৮.৬২	থোক	৪০৮.৬২	থোক
৬	হাইড্রো-জিওলজিক্যাল সার্ভে বাই কনসালটিং ফার্ম	থোক	১৬৪.১২	থোক	১৬৪.১২	থোক
৭	আদার সার্ভে এন্ড স্টাডিস বাই কনসালটিং ফার্ম	থোক	১০০.৯৫	থোক	১০০.৯৫	থোক
৮	ইস্টাবলিসমেন্ট অব বিএম পিলার	থোক	৩৭.৪৪	২৫০	৩৭.৩৪৬১	২৫০
৯	হায়ারিং অব মাইক্রো বাস	মাস	৪৩.২০	১০	৩৮.০১০৩	১০
১০	ফুয়েল অব হায়ার্ড মাইক্রো-বাস	মাস	৪০.০০	১০	২৫.৭৮৩৯১	১০
১১	আদার (ওর্য়াকসপ, পাবলিক হিয়ারিং পিআরএ ইত্যাদি)	-	১২৮.৬৩	থোক	১২৮.২৩৪৩৩	থোক
১২	বিজ্ঞাপন ও প্রচার	-	১৫	থোক	১৪.০১০৬৯	থোক
১৩	সম্মানী /ফি	-	৬.৮৬	থোক	৫.৯৬২	থোক
১৪	আইসিটি /ই-গভার্নেন্স	-	১৩.০০	থোক	১২.৭৩৩৮৮	থোক
১৫	পাবলিকেশন	-	৩০.০০	থোক	০	বাদ দেওয়া হয়েছে
১৬	সেমিনার, কনফারেন্স	-	১১.০০	থোক	১০.৯৫৫৯৩	থোক
১৭	অপারেশন অ্যান্ড ম্যানেজমেন্ট অব মটর ভেহিকেল	-	১.৫০	থোক	০.৭৪৯৯৭	থোক
১৮	প্রকিউরমেন্ট অব সার্ভে ইকুইপমেন্ট	সংখ্যা /সেট	১৫৪.০০	১৬	১৫৩.৯৮	১৬
১৯	পিডি অফিসের জন্য কম্পিউটার ও ইকুইপমেন্ট ক্রয়	সংখ্যা /সেট	১০৯.১৩	১১৮	১০৮.৪৪	১১৮
২০	পিডি অফিসের জন্য আসবাপপত্র ক্রয়	থোক	৫.৫০	থোক	৪.৪৯	থোক
২১	প্রকিউরমেন্ট অব এয়ার কন্ডিশনার	সংখ্যা /সেট	৩.৭২	৩	৩.৪২	৩
সর্বমোট			২০৫৪.৪৪	--	১৯৯৯.৫৮ (৯৭%)	

১০ (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত:

(লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল (বছর/মাস)	অনুমোদনের তারিখ	*পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	অন্যান্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২০৫৪.৪৪	২০৫৪.৪৪	-	-	জুলাই/২০১৩ থেকে জুন/২০১৫ (২ বছর ০ মাস)	২৬/১১/২০১৩		
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (১ম)	২০৫৪.৪৪	২০৫৪.৪৪	-	-	জুলাই/২০১৩ থেকে জুন/২০১৬ (৩ বছর ০ মাস)	২১/৭/২০১৫		১ বছর (৫০)
ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি (২য়)	২০৫৪.৪৪	২০৫৪.৪৪	-	-	জুলাই/২০১৩ থেকে জুন/২০১৭ (৪ বছর ০ মাস)	২২/৮/২০১৬		১ বছর (৩৩)
সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে)	২০৫৪.৪৪	২০৫৪.৪৪	-	-	জুলাই/২০১৩ থেকে জুন/২০১৮ (৫ বছর ০ মাস)	১৬/০৮/২০১৭		১ বছর (২৫)

মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): প্রযোজ্য নহে।

মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): মেয়াদ বৃদ্ধির হার ১৫০%

১১) প্রকল্পের আওতায় বরাদ্দ, অর্থ ছাড় ও প্রকৃত ব্যয় সংক্রান্ত:

(লক্ষ টাকা)

অর্থ বছর	ডিপিপি/টিপিপি সংস্থান	এডিপি/আরএডিপি বরাদ্দ	অর্থ ছাড় (%)	প্রকৃত ব্যয় (%)
২০১৩-১৪	৩৯.৫৭	৩৯.৫৭	৩৯.৫৭	৩৯.৫৭
২০১৪-১৫	৩১৫.৭৪	৩১৫.৭৪	৩১৫.৭৪	৩১৫.৭৪
২০১৫-১৬	৪৪৯.৭১	৪৪৯.৭১	৪৪৯.৭১	৪৪৯.৭১
২০১৬-১৭	৪৪২.৩৮	৪৪২.৩৮	৪৪২.৩৮	৪৪২.৩৮
২০১৭-১৮	৮০৭.০৪	৮০৭.০৪	৮০৭.০৪	৭৫২.১৮
মোট	২০৫৪.৪৪	২০৫৪.৪৪	২০৫৪.৪৪ (১০০%)	১৯৯৯.৫৮ (৯৭%)

১২) (ক) ডিপিপি/টিএপিপিতে মোট প্যাকেজের সংখ্যা: ৫টি

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ-১	১ম EOI-০৯/২/২০১৪ ২য় EOI-২৪/৬/২০১৪ প্রাক্কলিত মূল্য-২,৮৯,০৮/-লক্ষ টাকা	০৮.০৬.২০১৫ মূল্য-২,৮৮,৮৪,০৯৩/-টাকা	০৭.০৩.২০১৭	৩০.০৬.২০১৮	প্রকল্পের অন্যতম উপাদান 3D স্যাটেলাইট ইমেজ যথাসময়ে না পাওয়ার ফলশ্রুতিতে 3D

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
প্যাকেজ-২	প্রাক্কলিত মূল্য-৩২৭.৪০ /-লক্ষ টাকা	০৫.০১.২০১৫ মূল্য-৩,১৭,২৯,২৫০/-টাকা	০৪.১০.২০১৬	৩০.০৬.২০১৮	স্যাটেলাইট ইমেজ নির্ভরশীল জরিপকার্যসমূহ বিলম্বিত হওয়া; একাধিকবার EOI আহবান; মৌজার দাগ নির্ভরশীল ১১ লক্ষ একর ভূমির দাগ ভিত্তিক বিপুল পরিমান তথ্য উপাত্ত সংগ্রহ, যাচাই-বাছাই, বিশ্লেষন ও জিআইএস ম্যাপ প্রস্তুত করা যা সময় সাপেক্ষ।
প্যাকেজ-৩	প্রাক্কলিত মূল্য-৪০৮.৯৫/-লক্ষ টাকা	১০.০৬.২০১৫ মূল্য-৪,০৮,৮৭,০৯৯/-টাকা	০৯.০৩.২০১৭	৩০.০৬.২০১৮	
প্যাকেজ-৪	প্রাক্কলিত মূল্য-২৮১.৪৬৩/-লক্ষ টাকা	২৪.১২.২০১৪ মূল্য-৩,১৭,২৯,২৫০/-টাকা	২৩.০৯.২০১৬	৩০.০৬.২০১৮	
প্যাকেজ-৫	প্রাক্কলিত মূল্য-৩১০.৬৭/-লক্ষ টাকা	২৩.১২.২০১৪ মূল্য-২,৯১,২০,০০০/-টাকা	২২.০৯.২০১৬	৩০.০৬.২০১৮	

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মিসেস. ফারজানা সমিরউদ্দিন উপ-পরিচালক, ভৌত পরিকল্পনা, নগর উন্নয়ন অধিদপ্তর	না	হ্যা	১০/১২/২০১৩	২১/১২/২০১৩
জনাব আবু হাসান মর্তুজা উপ-পরিচালক,গবেষণা ও সমন্বয়, নগর উন্নয়ন অধিদপ্তর	না	হ্যা	২২/১২/২০১৩	০২/০২/২০১৪
ড. খুরশিদ জাবিন হোসেন তৌফিক, উপ-পরিচালক, গবেষণা ও সমন্বয়, নগর উন্নয়ন অধিদপ্তর	না	হ্যা	০৩/০২/২০১৪	৩১/০৩/২০১৪
জনাব শাহিন আহম্মেদ সিনিয়র প্ল্যানার, নগর উন্নয়ন অধিদপ্তর	না	হ্যা	০১/০৪/২০১৪	৩০/০৬/২০১৮

১৪। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২১/০৬/২০১৯ এবং ০৯/০৭/২০১৯ তারিখে আইএমইডি'র উপ পরিচালক, জনাব মশিউর রহমান কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

১৪ উপজেলা প্রকল্পের ভিশন ছিল নগর উন্নয়ন অধিদপ্তরের সাম্প্রতিক সময়ের অন্যতম সফল প্রকল্প এমএসডিপির আদলে দেশের ১১ জেলার ১৪টি উপজেলার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা। ১৪ উপজেলা প্রকল্পের মাধ্যমে অর্জনসমূহ নিম্নরূপ:

পরিকল্পিত	অর্জিত	অত্রবিভাগেরমন্তব্য
০১: প্রকল্প এলাকার সমন্বিত ভূমি ব্যবহার নির্দেশনা প্রদান করা যা উক্ত এলাকার অর্থনৈতিক, সামাজিক ও রাজনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করবে;	১৪ উপজেলা প্রকল্পের মাধ্যমে প্রকল্প এলাকার আর্থ-সামাজিক উন্নয়নের জন্য ডেভেলপমেন্ট প্ল্যানে বিভিন্ন কৌশল উল্লেখ করা হয়েছে। উদাহরণস্বরূপ: উপ-আঞ্চলিক পরিকল্পনায় কানেকটিভিটি এবং যোগাযোগ নেটওয়ার্কের ক্ষেত্রে আন্ত:জেলা এবং উপজেলার ভিতরে শহর, গ্রাম এবং গ্রোথ সেন্টারগুলোর মধ্যে সংযোগের ব্যবস্থা ও বাস্তবায়নের প্রাধিকার নির্ধারণ করা হয়েছে। যানবাহন ও মালামাল পরিবহনের জন্য সকল রাস্তাই যেন দ্বি-লেন বিশিষ্ট (কমপক্ষে ২৫ ফিট প্রশস্ত) এবং মিসিং লিংক গুলো চিহ্নিত করা হয়েছে। জল, স্থল এবং রেলপথের মধ্যে সমন্বয় করে নেটওয়ার্ক প্রস্তাব করা হয়েছে। তাছাড়া কাঠামোগত পরিকল্পনায় ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে বিভিন্ন ভূমি ব্যবহার জোনিং প্রস্তাব করা হয়েছে যেমন: কৃষি, যোগযোগ, মূল বন্যা প্রবাহ জোন, বিশেষায়িত প্রবেশাধিকার সংরক্ষিত এলাকা, গ্রামীণ বসতি এলাকা, উপ-বন্যা প্রবাহ এলাকা, শহর বসতি এলাকা, পানি প্রবাহ নিশ্চিতকরণের জন্য সংরক্ষিত এলাকা ইত্যাদি। তাছাড়া নগর এলাকায় বিভিন্ন জোন যেমন: নগর কৃষি, প্রশাসনিক এলাকা, আবাসিক এলাকা, বানিজ্যিক এলাকা, মিশ্রিত বসতি এলাকা, স্বাস্থ্য-সেবা, শিক্ষা, ধর্মীয়, বিশেষ শিল্প, চিত্ত-বিনোদন, সামাজিক সেবাসমূহ, ইউটিলিটি, উন্মুক্ত স্থান ইত্যাদি ভুমির উপযুক্ততা অনুসারে বিভিন্ন ভুমি ব্যবহার জোনিং এ ভাগ করা হয়েছে। এ জোনিং সমূহ অনুসরণ করলে প্রকল্প এলাকা সমূহে অপরিকল্পিত নগরায়ন রোধ করা সম্ভবপর হবে। প্রকল্পটির মাধ্যমে গ্রামীণ গ্রোথ-সেন্টার গুলোর সাথে পৌরসভার গ্রোথ-সেন্টার গুলো লিংক করা হয়েছে যা গ্রামীন ও শহরের অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখবে এবং কর্ম-সংস্থানের সুযোগ সৃষ্টি করবে;	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।
২। ভুমির যে কোন ধরনের পরিকল্পনাহীন পরিবর্তন/ভূমির অপব্যবহার হতে মূল্যবান কৃষি জমি সুরক্ষা করা;	২। ১৪ উপজেলা প্রকল্পের প্রতিটি উপজেলার জন্য Cropping Pattern ম্যাপ প্রস্তুত করা হয়েছে যার মাধ্যমে এক ফসলি, দো-ফসলি এবং তিন ফসলি জমিসমূহ মৌজা নাম, জে.এল নাম্বার এবং দাগ ধরে চিহ্নিত করা হয়েছে। ফলশ্রুতিতে কৃষি জমি সুরক্ষা করার ক্ষেত্রে এটা ভূমি মন্ত্রণালয় এবং স্থানীয় প্রশাসনের সহায়ক হবে;	
৩। পৌর শহর সমূহ যেন ভৌত পরিকল্পনা, কৃষি, পরিবহন, ড্রেনেজ, পানি সরবরাহ, আবাসন ও অন্যান্য গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সক্রিয় আর্থ-সামাজিক ভূমিকা পালন করতে পারে তা নিশ্চিত করা;	৩) জনসংখ্যার আগামী ২০ বৎসরের প্রক্ষেপন, প্ল্যানিং স্ট্যান্ডার্ড, বিল্ডিং ফুট-প্রিন্ট, শহরের জনগণের চাহিদা, মাননীয় প্রধানমন্ত্রীর অনুশাসন ও প্রচলিত বিধি ও আইন সমূহ অনুসরণ করে শহর এলাকার জন্য Core Urban Area, Peri/Fringe Urban Area ডিমার্কেশন করা হয়েছে। বিশ্লেষণ অনুসারে প্রতিটি পৌরসভা এলাকায় ১০০-১৫০ একর পরিকল্পিত আবাসন এলাকা প্রস্তাব করা হয়েছে। শহর এলাকায় সকল রাস্তায় যেন পাশাপাশি দুইটি গাড়ী চলাচল করতে পারে সে রকম প্রশস্থ রাস্তা প্রস্তাব করা হয়েছে। ভূ-উপরিস্থিত পানির স্বাভাবিক প্রবাহ বজায় রাখার জন্য সমগ্র উপজেলার জন্য Natural Drainage System প্রস্তাব করা হয়েছে, পৌর এলাকার জলাবদ্ধতা দূরীকরণে Drainage Plan তৈরী করা হয়েছে এবং Outfall গুলো চিহ্নিত করা হয়েছে। তাছাড়া শহরের বিভিন্ন নাগরিক সুবিধাদি যেমন: ময়লা ফেলার স্থান, পয়:বর্জ্য ট্রিটমেন্ট প্ল্যান্ট, ওভার-হেড ট্যাংক, পার্ক, বাস/ট্রাক স্ট্যান্ড, বাজার, নিম্ন-আয়ের মানুষের বসতি স্থান, মিনি-স্ট্যাডিয়াম, আইসিটি পার্ক, এমফি-থিয়েটার, প্রমোদ পার্ক, সাধারণ পরীক্ষা কেন্দ্র, কমিউনিটি	

	ক্লিনিক, খাদ্য গুদাম, কোল্ড স্টোরেজ, পশু জবাই কেন্দ্র, সমাধি-স্থল, শিল্প এলাকা, পর্যটন কেন্দ্র, কমিউনিটি সেন্টার, শিল্পকলা একাডেমি, যুবকেন্দ্র, পাইকারি বাজার, খুচরা বাজার (পাকা ও কাঁচা), গ্রামীণ বিক্রয় ও সেবা কেন্দ্র (RSSC), কারাগার, আইসিইউ এবং সিসিইউ সুবিধাযুক্ত হাসপাতাল ইত্যাদির জন্য উপর্যুক্ত স্থান নির্ধারণ পূর্বক স্থান/জায়গা (site) প্রস্তাব করা হয়েছে। প্রস্তাবনা প্রণয়নের ক্ষেত্রে সকল স্টেক-হোল্ডারদের মতামত বিবেচনায় নেয়া হয়েছে;	
৪। প্রকল্প এলাকার জনগণের জন্য দুর্যোগ ঝুঁকি ও ক্ষয়ক্ষতির সম্ভাবনা হ্রাসকরণ;	৪) ১৪ উপজেলা প্রকল্পের মাধ্যমে প্রকল্পের প্রতিটি এলাকার জন্য Contingency Plan তৈরী করা হয়েছে। তাছাড়া FEMA Guideline অনুসরণ করে পৌর এলাকার বহুতল বিশিষ্ট ইমারত সমূহের ভূমিকম্প ঝুঁকি নির্ধারণ করা হয়েছে। এলাকাভেদে দুর্যোগ প্রবণ এলাকার জন্য নিরাপদ থাকার জোন যেখানে কোন উন্নয়ন করা যাবে না এমন এলাকা চিহ্নিত করা হয়েছে। পাহাড়ী এলাকায় ভূমি-ধস এবং বন্যাপ্রবণ এলাকার ঝুঁকিপূর্ণ এলাকাসমূহ চিহ্নিত করা হয়েছে;	
৫। জনগণের মধ্যে প্রাকৃতিক দুর্যোগের ক্ষয়ক্ষতির হার কমানোর ব্যাপারে সচেতনতা সৃষ্টিকরণ;	৫) জনগণকে প্রাকৃতিক দুর্যোগ সম্পর্কে সচেতন করার জন্য প্রকল্পের প্রতিটি এলাকায় চায়ের দোকান সভা, উঠান বৈঠক, ফোকাস গ্রুপ আলোচনা, কর্মশালা, সেমিনার এবং গণশুনানির মতো অনুষ্ঠান আয়োজন করা হয়েছে। দুর্যোগের সময় নিরাপদ স্থানে যাওয়ার রাস্তা, দুর্যোগকালীন সেবা প্রদানকারী সংস্থাসমূহের অবস্থান, হাসপাতাল, উন্মুক্ত স্থান ইত্যাদি নির্দিষ্ট করে ম্যাপ তৈরী করা হয়েছে এবং এই সকল ম্যাপ ও তথ্যসমূহ ১৪ উপজেলা প্রকল্পের ওয়েবসাইট (www.14upazilaudd.gov.bd) এর মাধ্যমে সর্ব-সাধারণের জন্য উন্মুক্ত করা হয়েছে। তাছাড়া প্রতিটি উপজেলা পরিষদ এবং পৌরসভায় সংশ্লিষ্ট উপজেলার ও পৌরসভার জন্য প্রণীত ২০ বছর মেয়াদী কাঠামোগত পরিকল্পনা/মাস্টার প্ল্যান Acrylic Bill Board এর মাধ্যমে সকলের দেখার ও জানার জন্য স্থাপন করা হয়েছে এবং	
৬। প্রকল্প এলাকার জন্য উপ-আঞ্চলিক পরিকল্পনা, কাঠামোগত পরিকল্পনা, শহর পরিকল্পনা, গ্রামীণ এলাকা পরিকল্পনা ও বিষয় ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করা;	৬) ১৪ উপজেলা প্রকল্পের ১৪টি উপজেলার (নবাবগঞ্জ, দোহার, শিবচর, ঈশ্বরগঞ্জ, রায়পুরা, শিবপুর, বাগমারা, গাংনী, ফরিদপুর সদর, সাঘাটা, সোনাতলা, সারিয়াকান্দি, রামু এবং রাঙ্গুনিয়া) প্রতিটির জন্য ২০ বৎসর মেয়াদী (২০১৩-২০৩৩) উপ-আঞ্চলিক পরিকল্পনা এবং কাঠামোগত পরিকল্পনা, ১০ বৎসর মেয়াদী (২০১৩-২০২৩) শহর পরিকল্পনা এবং গ্রামীণ পরিকল্পনা এবং ৫ বৎসর মেয়াদী সেক্টর ভিত্তিক এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে যা উপজেলা প্রশাসন এবং পৌরসভা অনুসরণ করে তাদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে পারে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।	

১৬। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে শহর পরিকল্পনা এবং গ্রামীণ পরিকল্পনা এবং ৫ বৎসর মেয়াদী সেক্টর ভিত্তিক এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে যা উপজেলা প্রশাসন এবং পৌরসভা অনুসরণ করে তাদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করতে পারে;

- ভূমির যে কোন ধরনের পরিকল্পনাহীন পরিবর্তন/ভূমির অপব্যবহার হতে মূল্যবান কৃষি জমি সুরক্ষা করার পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে;
- প্রকল্প এলাকার জন্য উপ-আঞ্চলিক পরিকল্পনা, কাঠামোগত পরিকল্পনা, শহর পরিকল্পনা, গ্রামীণ এলাকা পরিকল্পনা ও বিষয় ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।

১৭। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এর Sustainability:

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- শহর পরিকল্পনা এবং গ্রামীণ পরিকল্পনা এবং ৫ বৎসর মেয়াদী সেক্টর ভিত্তিক এ্যাকশন এরিয়া প্ল্যান প্রণয়নপূর্বক উপজেলা প্রশাসন এবং পৌরসভা অনুসরণ করে বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করার মাধ্যমে দেশের টেকসই উন্নয়ন সম্ভব।

১৮। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৯. সার্বিক পর্যবেক্ষণ:

১৯.১। প্রকল্পের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উপজেলা মাষ্টার প্লান প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে । মাষ্টার প্লান প্রণয়নে ৬টি প্রতিবেদন পরার্শকগণের নিকট হতে আউটপুট হিসেবে গ্রহণ করা হয়েছে। প্রতিবেদনগুলো হলো inception report, mobilization report, draft survey report, final survey report, draft plan, final plan. প্রতিবেদনগুলো বিভিন্ন সময়ে স্টিয়ারিং কমিটি ও কর্মশালার মাধ্যমে যাচাইপূর্বক চূড়ান্ত করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। ১৪টি উপজেলায় মোট ১৪টি প্রতিবেদন প্রনয়ন করা হয়েছে।

১৯.২। উপজেলার উন্নয়ন পরিকল্পনা করতে যেয়ে Sub-Regional plan, Structure plan, Urban area plan, Rural area plan এবং Action area plan করা হবে মর্মে উদ্দেশ্য হিসেবে উল্লেখ করা হয়েছে। কিন্তু উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে ব্যাপক বিষয়বস্তু অন্তর্ভুক্ত করে প্রকল্পের আসল উদ্দেশ্যকে ব্যাহত করা হয়েছে। স্থানীয় পরিকল্পনাকে আঞ্চলিক বা জাতীয় পরিকল্পনার সাথে কিভাবে সমন্বয় বা লিংক করানো যায় সে সব স্ট্যাডি অন্তর্ভুক্ত করা প্রয়োজন ছিল।

১৯.৩। প্রকল্পের মাধ্যমে Baseline survey, Socio-economic survey, Reconnaissance survey, physical features survey, Land use and Topography survey,Transportation Survey, Geological survey, Agricultural survey, Formal and Informal Economic survey and Hydrological survey করা হয়েছে। এগুলোর যথার্থতা যাচাই করা প্রয়োজন।

১৯.৪। প্রকল্পটির আওতায় সারাদেশের ১৪টি উপজেলার স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রস্তুত করা হয়েছে। ১৪টি উপজেলার সরকারি প্রতিষ্ঠানসমূহ,পৌরসভাসমূহ বিভিন্ন প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে উক্ত প্ল্যান বাস্তবায়ন করবে। কিন্তু প্ল্যানের আলোকে প্রকল্প বাস্তবায়ন হচ্ছে কিনা তা মনিটরিংয়ের কোন প্রাতিষ্ঠানিক কাঠামো না থাকায় প্ল্যান বাস্তবায়ন ও পরবর্তী কার্যক্রম মনিটরিং যথাযথভাবে সম্পন্ন হচ্ছে না।

১৯.৫। **নিজস্ব জনবল ও দক্ষতার ঘাটতি:** প্রকল্প অফিস হতে ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত জিআইএস সফটওয়্যার ওআনুষঙ্গিক ম্যাপ উপজেলা পরিষদ ও পৌরসভাসমূহের তথ্য কেন্দ্রের উদ্যোক্তাদের নিকট হস্তান্তর করা হয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত প্ল্যানের আলোকে ভূমি ব্যবহার সংক্রান্ত অনুমোদন ও পর্যবেক্ষণের জন্য আঞ্চলিক পর্যায়ে (উপজেলা পরিষদ ও পৌরসভাসমূহে) নিজস্ব দক্ষ জনবলের ঘাটতি রয়েছে।

১৯.৬। উপজেলা প্রকল্পটি ৩০ জুন ২০১৮ সালে সমাপ্ত হয়েছে। বর্তমানে ১৪ টি উপজেলার ডেভেলপমেন্ট গেজেট করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে। গেজেট হয়ে গেলে বর্তমান সরকারের অন্যতম লক্ষ্য প্রতিটি গ্রামে শহরের সুবিধাসমূহ পৌঁছে দেয়া সহজতর হবে বলে আশা করা যায়।

১৯.৭। Time over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৩ বছর সময় বেশী (১৫০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে অত্যধিক বিলম্ব ঘটেছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনার ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৯.৯। **অডিট আপত্তি নিষ্পত্তি:** অডিট সম্পাদন ও আপত্তি নিষ্পত্তি সংক্রান্ত তথ্য: গত ১৫/০১/২০১৫ ইং তারিখ পর্যন্ত প্রকল্পের ২০১৩-১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-১৬ অর্থ বছরের পূর্ত অডিট সম্পন্ন করা হয় এবং দুই (০২) টি আপত্তি সাধারণ অনুচ্ছেদ হিসেবে দেয়া হয়। হইতে ২০/১২/২০১৫ইং আপত্তিগুলোর ব্রডশিট জবাব নিষ্পত্তির জন্য মহাপরিচালক পূর্ত অডিট দপ্তরে স্মারক নং: ২৫.৪৬.০০০০.০০২.০১.১৮০.১৪/১৫.১২০; তারিখঃ ২০/১২/২০১৫ইং এর মাধ্যমে প্রেরণ করা হয়েছে। তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৯.১০। অনুচ্ছেদ ১৯.১ হতে ১৯.৯ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

২০। প্রকল্প বাস্তবায়নের কতিপয় চিত্র

<table>
<tr>
<td></td>
<td>
</td>
</tr>
<tr>
<td>চিত্র (১) শিবচর পৌরসভার মাস্টার প্লানের মানচিত্র।</td>
<td>(২) মাদারীপুরের শিবচর পৌরসভার চিত্র।</td>
</tr>
</table>

	
চিত্র (৩) ঢাকার দোহার পৌরসভার চিত্র।	চিত্র (৪) দোহার (মৈনটঘাট) মাস্টার প্লানের আওতাভূক্ত এলাকা পরিদর্শন।
	
চিত্র (৫) ঢাকার দোহার পৌরসভার চিত্র।	চিত্র (৬) নবাবগঞ্জ উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষে মাস্টার প্লান পরিদর্শন।

২১। সুপারিশ/ মতামত :

২১.১। প্রকল্পের মাধ্যমে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক উপজেলা মাষ্টার প্লান প্রণয়নের কাজ সম্পন্ন হয়েছে । মাষ্টার প্লান প্রণয়নে ৬টি প্রতিবেদন পরার্শকগণের নিকট হতে আউটপুট হিসেবে গ্রহণ করা হয়েছে। প্রতিবেদনগুলো বিভিন্ন সময়ে স্টিয়ারিং কমিটি ও কর্মশালার মাধ্যমে যাচাইপূর্বক চূড়ান্ত করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান। ১৪টি উপজেলায় মোট ১৪টি প্রতিবেদন প্রনয়ন করা হয়েছে। মাষ্টার প্লান যথাযথ বাস্তবায়নের বিষয়ে প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা (ইউডিডি) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পারে।

২১.২। উপজেলার উন্নয়ন পরিকল্পনা করতে যেয়ে Sub-Regional plan, Structure plan, Urban area plan,Rural area plan এবং Action area plan করা হবে মর্মে উদ্দেশ্য হিসেবে উল্লেখ করা হয়েছে। ভবিষ্যতে স্থানীয় পরিকল্পনাকে আঞ্চলিক বা জাতীয় পরিকল্পনার সাথে কিভাবে সমন্বয় বা লিংক করানো যায় সেসব স্ট্যাডি একাডেমিক চর্চা করে বস্তুনিষ্ঠ প্রকল্প গ্রহণ করা যেতে পারে;

২১.৩। প্রকল্পটির আওতায় সারাদেশের ১৪টি উপজেলার স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রস্তুত করা হয়েছে। প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান অনুযায়ী ভূমি ব্যবহার ওউন্নয়ন প্রকল্প গ্রহণ হচ্ছে কিনা তা মনিটরিংয়ের জন্য সুনির্দিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো প্রণয়নপূর্বক উন্নয়ন প্রকল্প প্রণয়নের বিষয়েগৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে;

২১.৪। উপজেলা, পৌরসভা ওইউনিয়ন পর্যায়ে ভূমি ব্যবহার সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে নিজস্ব দক্ষ জনবল প্রয়োজন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ বিষয়ে নীতি নির্ধারণী পর্যায়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করে আইএমইডিকে অবহিত করবে;

২১.৫। আলোচ্য প্রকল্পটি ৩০ জুন ২০১৮ সালে সমাপ্ত হয়েছে। বর্তমানে ১৪ টি উপজেলার ডেভেলপমেন্ট প্লান গেজেট করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ে প্রক্রিয়াধীন আছে মর্মে জানা যায়। তাই সরকারের আকাঙ্খা অনুযায়ী প্রতিটি গ্রামে শহরের সুবিধাসমূহ পৌঁছে দেয়ার লক্ষ্যে ডেভেলপমেন্ট প্লান অতি দ্রুত গেজেট আকারে প্রকাশ করে প্রতিটি সংশ্লিষ্ট উপজেলা ও পৌরসভায় প্রেরণ করতে হবে;

২১.৬। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run বা Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

২১.৭। প্রকল্পের আওতায় অনিষ্পন্ন অডিট আপত্তিনিষ্পত্তিকরত:অডিট প্রতিবেদন আইএমইডিতে দ্রুত প্রেরণ করতে হবে;

২১.৮। অনুচ্ছেদ ২১.১ হতে ২১.৭ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট অ্যান্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর ২০১৭)

১। প্রকল্পের নাম : চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট অ্যান্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলা।

৫। প্রকল্পের পটভূমি:

দৈনন্দিন জীবনের সুবিধা গ্রহণ ও দ্রুত নগরায়নের জন্য গ্রামের জনগণ শহরে আসতে শুরু করেছে। দ্রুত ও অপরিকল্পিত নগরায়নের ফলে শহুরে জনসাধারণের জীবনধারা যেমন ব্যহত হচ্ছে তেমনিভাবে পরিবেশের ভারসাম্যও নষ্ট হচ্ছে। সাধারণ জনগণের দৈনন্দিন জীবনের সুবিধার কথা বিবেচনা করে এবং রাজধানীতে মানুষের চাপ কমাতে জেলা শহরগুলোকে আধুনিক ও বসবাসযোগ্য করার প্রয়োজনীয়তা অপরিসীম। মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা অনুযায়ী সকলের জন্য আবাসন নিশ্চিত করার লক্ষ্যে চট্টগ্রাম জেলার মীরসরাই উপজেলায় নিম্ন ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসিক এলাকা গড়ে তোলার জন্য চট্টগ্রাম শহর থেকে প্রায় ৮০ কিলোমিটার দূরে ঢাকা-চট্টগ্রাম মহাসড়কের পাশে মীরসরাই উপজেলার সোনাপাহাড় মৌজায় চট্টগ্রাম-ঢাকা মহাসড়কের পাশেই প্রায় ১৬.৪৭ একর জমির উপর "চট্টগ্রাম জেলার মিরসরাই উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট অ্যান্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়েছে।

৬। প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ:

(ক) পরিকল্পিতভাবে সীমিত পরিমাণ জমিতে সর্বোচ্চ আবাসনের ব্যবস্থা করে আবাসন সমস্যার সমাধান করা;

(খ) আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা;

(গ) আগ্রহী জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে স্থায়ীভাবে বসবাসের জন্য আবাসিক প্লট ক্রয়ের সুবিধা সৃষ্টি করা;

(ঘ) পরিকল্পিত বাণিজ্যিক স্থান প্রদানের জন্য এলাকার পরিবেশ সচেতনতা বৃদ্ধি।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষটাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়ন কাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৭৪৩.৩৩	**৩৫৫৫.০০**	**৩৫৩৭.৫৯**	ফেব্রুয়ারী,২০১৪ হতে ডিসেম্বর, ২০১৫	ফেব্রুয়ারী,২০১৪ হতে ডিসেম্বর, ২০১৭	ফেব্রুয়ারী, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৭	**-২০৫.৭৪ (-৫.৪৯%)**	**২৪মাস (১০৯.০৯%)**

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিকনং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	কনটিজেন্সি (প্রিপারেশন অফ টেন্ডার ডকুমেন্ট এডভারটাইজমেন্ট)	থোক	১০.০০	-	১৪.০০	-
০২।	মেইনটেনেন্স অফ ইন্সপেকশন ভেহিকেল এন্ড পোল	থোক	১০.০০	-	১.০০	-
০৩।	সার্ভে এন্ড সয়েল ইনভেসটিগেশন	থোক	৩.০০	-	২.০০	-
০৪।	কস্ট ফর কালেকটিং ইনভায়রমেন্ট ক্লিয়ারেন্স	থোক	৫.০০	-	০.০০	-
০৫।	অফিস ইকুপমেন্ট, কম্পিউটার ইটিসি	থোক	৭.০০	-	১.৫০	-
০৬।	ইন্সপেকশন ভেহিকেল					
০৭।	(এ) মোটর সাইকেল	সং.খ্যা	৪.৫০	-	০.০০	-
০৮।	ভূমির মূল্য	একর	৩০৪০.৭১	১৬.৪৮	২৮৭৭.১৪	১৬.৪৭
০৯।	ভূমির উন্নয়ন	কাম	১৫৬.১৬	৭১৯১১.৩১	১৭১.৫৩	৭৫৪৫১.১৫
১০।	সেমি পারমানেন্ট ইসট্রাকচার ফর সাইট অফিস	সংখ্যা	১৩.৪৬	-	০.০০	-
১১।	রাস্তা নির্মাণ	ব:মি	৮৫.২১	৬৪৪৪.৮৬	৭৫.৪২	২৩৩০.০০
১২।	ড্রেন নির্মাণ					
১৩।	৬০০ এম এম এন্ড ৩'-০" পাকা ড্রেন	আরএম	৪৭.৭৮	৩৪৫৭৮.০৩	১৪৫.০০	৪৪১৫.০০
১৪।	কালভার্ট নির্মাণ					
১৫।	৫'-০ এন্ড ৩'-০" স্পেন আরসিসি বক্স কালভার্ট	সংখ্যা	৪৯.৯১	২৪	২০.৫৭	২৮
১৬।	এক্সটারনাল ওয়াটার সাপলাই সিস্টেম					
১৭।	(এ)পাম্প হাউজ নির্মাণ	সংখ্যা	৩.৬২	১	৯.২৩	১
১৮।	(বি) ১৫০ এমএম প্রডাকশন ওয়েল	আরএ	১২.৪৩	১	৯.২৩	১
১৯।	(সি) ১৪৪ এমএম পানির লাইন	আরএম	১১.২৪	৩৩২.২৮	৩২.৪৯	১৯৩২.০৩
২০।	(ডি) ওয়েস্ট ডিসপোজাল পিট	সংখ্যা	৩.৫৯	০	০.০০	০
২১।	এক্সটারনাল ইলেকট্রিফিকেশন					
২২।	(এ) লিট ওভারহেড লাইন	সংখ্যা	৬৩.৪৩	১	৭৩.৯০	১
২৩।	(বি) ১১ কেভিএ হিট লাইন এক্সটেনশন	সংখ্যা	১০.০০	১		১
২৪।	(সি) ২৫০ কেভিএ পোল মাউনটেড ট্রান্সপরমার	সংখ্যা	১৪.৫৮	১		১
২৫।	সি) পাম্প মোটর সেট (৪১	সংখ্যা	১২.০০	১		১

ক্রমিকনং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	এইচপি)					
২৬।	ডি) পিডিবি/ আরইবি কানেকশন চার্জ	-	৫.০০	-		-
২৭।	বাউনডারি ওয়াল এন্ড ডিমাক্রেশন পিলার	সংখ্যা	২.৯৮	৫৪০	১৬.২৩	৪৬৫
২৮।	প্রধান প্রবেশদ্বার	সংখ্যা	৬.০০	১		১
২৯।	প্লানটেশন	সংখ্যা	৫.২৫	৫০০	৩.৪৪	৩৫০
৩০।	৫'-০ হাইট ব্রিক ওয়াল	আরএম	৭৩.০১	১০৬৭	৯৪.১৪	১০৬৭
৩১।	প্রাইস কনটেজেন্সি	-	৪৪.০৫	-	০.০০	-
৩২।	ফিজিকাল কনটেজেন্সি	-	৪৩.৪২	-	০.০০	-
	মোট =		৩৭৪৩.৩৩		৩৫৩৭.৫৯ (৯৪.৫০%)	

৯। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- ভূমির ক্রয়
- ভূমি উন্নয়ন
- রাস্তা নির্মাণ
- ড্রেন নির্মাণ
- কালভার্ট নির্মাণ
- পাম্প হাউজ নির্মাণ
- এক্সটারনাল ইলেকট্রিফিকেশন
- বাউনডারি ওয়াল এন্ড ডিমাক্রেশন পিলার
- প্লানটেশন

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **৩৫৫৫.০০** লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে **৩৫৩৭.৫৯** লক্ষ টাকা যা সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৫১%।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মো: আবদুর রউফ (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	১৭-১১-২০১৩ খ্রি:	০২-০৪-২০১৫ খ্রি:
এ.এস.এম জিয়াউদ্দীন হায়দার (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	০২-০৪-২০১৫ খ্রি:	০৬-০৫-২০১৫ খ্রি:
ফিরোজ আহমেদ (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	০৬-০৫-২০১৫ খ্রি:	২০-০৮-২০১৫ খ্রি:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মো: নাসিম হোসেন (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	২০-০৯-২০১৫ খ্রি:	২০-০৩-২০১৭ খ্রি:
ওম প্রকাশ নেন্ডি (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	২০-০৩-২০১৭ খ্রি:	১৮-০৪-২০১৭ খ্রি:
মো: সায়েদ রেজা (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	১৮-০৪-২০১৭ খ্রি:	০৫-১০-২০১৭ খ্রি:
মো: শামসুল আলম (তত্ত্বাবধায়ক প্রকৌশলী)	পূর্ণকালীন	-	০৫-১০-২০১৭ খ্রি:	-

১২। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

বিগত ১৮/০৪/২০১৯ তারিখে আইএমইডির সহকারী পরিচালক, জনাব মো: পূবন আখতার কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র:



চিত্র নং-১: প্রকল্প এলাকায় প্রধান গেটের সামনে পরিদর্শক ও প্রকল্প কর্তৃপক্ষ



চিত্র নং-২: প্রকল্প এলাকায় ড্রেন, রাস্তা, বৈদ্যুতিক পিলার ও পাম্পহাউস



চিত্র নং-৩:বাউন্ডারিওয়ালের নিচে অসম্পূর্ণ অংশ



চিত্র নং-৪: অবৈধ স্থাপনা ও মামলার কারণে বাউন্ডারি ওয়ালের অসম্পূর্ণ অংশ



চিত্র নং-৫:বাউন্ডারি ওয়ালেরঅসম্পূর্ণ অংশ



চিত্রনং-৬: পাম্পহাউসে পাম্পমোটর নেই

১৩। প্রকল্পের উদ্দেশ্য অর্জন:

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) পরিকল্পিতভাবে সীমিত পরিমাণ জমিতে সর্বোচ্চ আবাসনের ব্যবস্থা করে আবাসন সমস্যার সমাধান করা;	(ক) ১৮৩ টি আবাসিক প্লট তৈরি করা হয়েছে।	বিভিন্ন অঙ্গের কিছু কাজ এখনও অসম্পূর্ণ রয়েছে। আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে আংশিক উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে। **(অনু:১৬.৩)**
(খ) আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা;	(খ) ১৬.৪৭ একর জমিতে গ্রীন স্পেস, খেলার মাঠের জন্য প্লটএর ব্যবস্থা এবং রাস্তা নির্মাণ করা হয়েছে। ২,২০০টি ছোট পরিবার এবং প্রায় ১৩,০০০ জনগণ সেখানে ফ্ল্যাট নির্মাণ করে বসবাস করতে পারবে।	
(গ) আগ্রহী জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে স্থায়ীভাবে বসবাসের জন্য আবাসিক প্লট ক্রয়ের সুবিধা সৃষ্টি করা;		
(ঘ) পরিকল্পিত বাণিজ্যিক স্থান প্রদানের জন্য এলাকার পরিবেশ সচেতনতা বৃদ্ধি।	(ঘ) বাণিজ্যিক স্থান করা হয়নি।	

১৪। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব

স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে আবাসনের ব্যবস্থা করা হয়েছে এবং আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়নে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে । এছাড়া,স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- জমি অধিগ্রহণে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে;
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৬। পর্যবেক্ষণ:

১৬.১ Time overrun:

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকালে অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে **২৪** মাস সময় বেশী (১০৯.০৯%) ব্যয় হয়েছে।

১৬.২ Cost over run:

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় কমেছে ।মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৩৭৪৩ .৩৩ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৩৫৫৫.০০ লক্ষ টাকা । আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৩৫৩৭.৫৯ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ২০৫.৭৪ লক্ষ টাকা কমেছে (-৫.৪৯) ।

১৬.৩ **অসম্পূর্ণ কাজ:**

আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর ২০১৭ এ সমাপ্ত হয়েছে মর্মে প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে (পিসিআর) উল্লেখ করা হয়েছে এবং এ পর্যন্ত সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৫১% আর্থিক অগ্রগতি হয়েছে। সমাপ্ত প্রকল্প পরিদর্শনেরকালে প্রকল্পের বাউন্ডারি ওয়ালের কিছু অংশে নিচের দিকে অসম্পূর্ণ কাজ পরিলক্ষিত হয় (চিত্রনং-৩)। প্রকল্প এলাকা য় বাউন্ডারি ওয়ালের অংশে অবৈধ স্থাপনা ও মামলার কারণে বাউন্ডারি ওয়ালের কাজ সমাপ্ত করা সম্ভব হয়নি (চিত্র নং-৪ ও চিত্র নং-৫)। পিসিআরে উল্লেখ করা হয়েছে যে ,এক্সটার্নাল ইলেকট্রিক ফিকেশন খাতে ১২.০০ লক্ষ টাকায় একটি পাম্প মটর ক্রয় করা হযেছে। কিন্তু , নিরাপত্তার অভাবে সেখানে পাম্পমোটর স্থাপন করা হয়নি মর্মে পরিদর্শনকালে জানানো হয়েছে (চিত্র নং-৬)। এছাড়া, আলোচ্য প্রকল্পের অধীনে বাণিজ্যিক স্থানের ব্যবস্থা করা হয়নি। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন প্রাপ্তির পর এ জাতীয় অসম্পূর্ণ কাজের বিষয়ে জানা যেতে পারে।

১৬.৪ পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভার সংস্থান না থাকা:

প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলে ও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৬.৫ অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া :

প্রাপ্ত পিসিআর পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর একাধিক অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৭। সুপারিশ/ মতামত :

১৭.১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির সময় বৃদ্ধির প্রকৃত কারণ অনুসন্ধান করে এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over run না ঘটিয়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (অনু: ১৬.১);

১৭.২। আলোচ্য প্রকল্পটি ডিসেম্বর ২০১৭ এ সমাপ্ত হয়েছে এবং ৯৯.৫১% আর্থিক অগ্রগতি হয়েছে। এমতাবস্থায় ,প্রকল্পের অসম্পূর্ণ কাজসমূহ কিভাবে সমাপ্ত করা হবে তা এ বিভাগকে জানাতে হবে (অনু: ১৬.৩);

১৭.৩। মামলা নিষ্পত্তির জন্য দ্রুত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনু: ১৬.৩); ;

১৭.৪। পরবর্তীতে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে (১৬.৪);

১৭.৫। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে জরুরীভিত্তিতে প্রেরণ করতে হবে (১৬.৫) এবং

১৭.৬। অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৫ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

দিনাজপুর হাউজিং এস্টেটে আবাসিক ফ্ল্যাট এবং বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প (১মসংশোধিত) **শীর্ষক**

প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন ২০১৮)

১। প্রকল্পের নাম : দিনাজপুর হাউজিং এস্টেটে আবাসিক ফ্ল্যাট এবং বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) ।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের অবস্থান : দিনাজপুর জেলা সদর।

৫। প্রকল্পের পটভূমি:

রুপকল্প- ২০২১ বাস্তবায়নের অংশ হিসেবে জেলা ও উপজেলায় পরিকল্পিত আধুনিক আবাসন সুবিধা সৃষ্টির প্রয়োজন। বঙ্গবন্ধু সেতু তৈরীর পর দেশের উত্তরাঞ্চলের জেলা দিনাজপুরের সাথে রাজধানী ঢাকার নিবিড় যোগাযোগ ব্যবস্থার সৃষ্টি হয়েছে। দৈনন্দিন জীবনের সুবিধা গ্রহণ ও দ্রুত নগরায়নের জন্য গ্রামের জনগণ শহরে আসতে শুরু করেছে। দ্রুত ও অপরিকল্পিত নগরায়নের ফলে শহরে জনসাধারণের জীবনধারা যেমন ব্যহত হচ্ছে তেমনিভাবে পরিবেশের ভারসাম্যও নষ্ট হচ্ছে। সাধারণ জনগণের দৈনন্দিন জীবনের সুবিধার কথা বিবেচনা করে এবং রাজধানীতে মানুষের চাপ কমাতে জেলা শহরগুলোকে আধুনিক ও বসবাসযোগ্য করার প্রয়োজনীয়তা অপরিসীম। এছাড়া, আবাসন সৃষ্টির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ ও সৃষ্টি হবে। উল্লিখিত বিষয়সমূহ বিবেচনাপূর্বক উন্নয়নের লক্ষ্য নিয়ে "দিনাজপুর হাউজিং এস্টেটে আবাসিক ফ্ল্যাট এবং বাণিজ্যিক ভবন নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি গৃহীত হয়েছে।

৬।প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ:

(ক) পরিকল্পিতভাবে সীমিত পরিমাণ জমিতে সর্বোচ্চ আবাসনের ব্যবস্থা করে আবাসন সমস্যার সমাধান করা;

(খ) আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা;

(গ) আগ্রহী জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্ল্যাট ক্রয়ের সুবিধা সৃষ্টি করা।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃতব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূলপ্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়নকালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৪৪৬৯.৭৭	**৫৪৮২.৫২**	**৫৩৬১.৩৯**	জুলাই, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৩	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৮	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৮	**৮৯১.৬২ (১৯.৯৫%)**	**৫৪ মাস (১৮০%)**

৮। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	সাপ্লাইএন্ডসার্ভিস	থোক	১৭.০০	থোক	১৬.৮০	থোক
০২।	ইসট্রাকচারাল, আরকিটেকচুয়েরাল এন্ড ইলেকট্রিকাল ডিজাইন এন্ড ড্রইং	থোক	২৩.৮৩	থোক	২১.৮৫	থোক
০৩।	মেইনটেনেন্স অফ ইন্সপেকসন ভেহিকেল এন্ড পোল	থোক	৭.০০	থোক	৭.০০	থোক
০৪।	সাব- সয়েল ইনভেসটিগেশন	থোক	৩.০০	থোক	৩.০০	থোক
০৫ ।	ইনভায়রমেন্ট ক্লিয়ারেন্স	থোক	৪.০০	থোক	-	থোক
০৬।	মেটেরিয়াল টেস্টিং এন্ড ইকুইপমেন্ট (কম্পিউটার উইথ প্রিন্টার)	থোক	১.০০	থোক	-	থোক
০৭ ।	অফিস ফারনিচার এন্ড ইকুপমেইন্ট (কম্পিউটার উইথ প্রিন্টার)	থোক	১২.৪০	থোক	১০.৯৫	থোক
০৮।	ইন্সপেকশন বেহিকেল (মোটর সাইকেল)	সংখ্যা	৫৫.৬৭	সংখ্যা	৫৫.৫৪	সংখ্যা
০৯।	ল্যান্ড কস্ট	একর	২০৪.০০	২.৪১	২০৪.০০	২.৪১
১০।	ল্যান্ড ডেভলোপমেন্ট	কাম	৩১.৮১	১৪৬৫৩.৬২	২৮.৬৪	১৪৬৫৩.৬২
১১।	কন্সট্রাকশন অফ রেসিডেনসিয়াল বিল্ডিং	ঘ:মি:	২৩০৮.৮৪	৮৬৮২.২২	২২৪২.১৭	৮৬৮২.২২
১২।	কন্সট্রাকশন অফ কমার্শিয়াল বিল্ডিং	ঘ:মি:	২২০১.৩৬	৪৫৯৪.০৫	২১৭২.৯০	৪৫৯৪.০৫
১৩।	কন্সট্রাকশন অফ সাইট অফিস বিল্ডিং	থোক	৪.৭৪	থোক	৪.৭৪	থোক
১৪।	ইউ জি ডবলিউ রিজাভার	গ্যালন	২১.১৭	৪২৩৩৬.০০	২১.১০	৪২৩৩৬.০০
১৫।	কন্সট্রাকশন অফ রোড	আরএম	৩৭.১০	৪১৬.৭৭	৩৪.৪০	৪১৬.৭৭
১৬।	এক্সটারনাল ওয়াটার সাপ্লাই এন্ড সেনেটারী ওর্য়াক (পিভিসি মেইন লাইন, ডিসট্রিবিউশন লাইন, ডিপ টিউব ওয়েল পৌরসভা চার্জ)	আরএম /সেট	২৪.৪০	৪১০.৬৬/১	২৩.৯০	৪১০.৬৬/১
১৭।	ইন্টারনাল সুয়ারেজ সিস্টেম (কন্সট্রাকশন অফ সেপটিক ট্যাংক, সোক ওয়েল, ইন্সপেকশন পিট, সারফেস ড্রেন, আরসিসি কালভার্ট, ডাস্টবিন)	সংখ্যা/ আরএম	৩৭.৬৩	১৩২/৪০৯.৭৫	৩৭.৪৩	১/১৫০
১৮।	এক্সটারনাল ইলেকট্রিফিকেশন (৪০০/২৫০ কেভিএ সাব- স্টেশন	সংখ্যা	৩৫৮.০০	৫৪৬.১৭	৩৫৭.৬৮	১২/৭ সেট /৩

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
	পিডিবি/আরইবি চার্জ, স্ট্রিট এন্ড কমপাউন্ড লাইট পেসেনজার লিফ্ট, জেনারেটর, ফায়ার ফাইটিং, টেলিফোন,ইন্টারকম, ডিস এন্ড ইন্টারনেট ইটিসি)					
১৯।	সোলার সিস্টেম ইনস্টেলেশন	সেট	৪২.০৪	৭০০.০৯	৪১.৮৫	৫৭০.১২/৪
২০।	আরসিসি বাউনডারি ওয়াল, সাপলাই ফিটিং এন্ড ফিকশিং অফ এমএস মেইন গেট/ মেইন গার্ড রুম এন্ড রিসেপশন রুম	আরএম/ঘ :মি	৭০.৬১	৫৭০.১২/৪	৬৪.৫৪	থোক
২১।	আরবরিকালচার এন্ড লেন্ডস্কেপিং	থোক	৩.৯২	থোক	৩.৮৫	
২২।	প্রাইস কন্টিজেনসি	থোক	১৩.০০	থোক		থোক
	মোট=		৫৪৮২.৫২		৫৩৬১.৩৯ (৯৭.৭৯%)	

৯। প্রকল্পের মূল কার্যক্রম :

- ভূমি উন্নয়ন
- কন্সট্রাকশন অফ রেসিডেনসিয়াল বিল্ডিং
- কন্সট্রাকশন অফ কমার্শিয়াল বিল্ডিং
- কন্সট্রাকশন অফ রোড
- এক্সটারনাল ওয়াটার সাপ্লাই এন্ড সেনেটারী ওর্য়াক
- ইন্টারনাল সুয়ারেজ সিস্টেম
- এক্সটারনাল ইলেকট্রিফিকেশন
- সোলার সিস্টেম ইনস্টেলেশন
- আরসিসি বাউনডারি ওয়াল
- আরবরিকালচার এন্ড লেন্ডস্কেপিং

১০। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **৫৪৮২.৫২** লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে **৫৩৬১.৩৯** লক্ষ টাকা যা সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৭.৭৯%।

১১। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ড কালীন	দায়িত্ব কাল	
			হতে	পর্যন্ত
আশরাফুল ইসলাম নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১৪/০৮/২০১১ খ্রি:	১০/১০/২০১১ খ্রি:
মোঃ আবু হোরায়রা নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১০/১০/২০১১ খ্রি:	১৭/১১/২০১১ খ্রি:

নাম ও পদবী	পূর্ণকালীন	খন্ড কালীন	দায়িত্ব কাল	
			হতে	পর্যন্ত
আশরাফুল ইসলাম নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১৭/১১/২০১১ খ্রি:	২৭/০৯/২০১২ খ্রি:
মোঃ আবু হোরায়রা নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	২৭/০৯/২০১২ খ্রি:	১৪/১০/২০১২ খ্রি:
কাজী ফজলুল করিম নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১৪/১০/২০১২ খ্রি:	২১/০৭/২০১৪ খ্রি:
গিয়াস উদ্দিন চৌধুরী নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	২১/০৭/২০১৪ খ্রি:	২১/১২/২০১৬ খ্রি:
মোঃ শামসুল আলম নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	২১/১২/২০১৬ খ্রি:	১৬/১০/২০১৭ খ্রি:
মুহাম্মদ দেলোয়ার হোসাইন নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১৬/১০/২০১৭ খ্রি:	৩০/৬/২০১৮ খ্রি:

১২। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:

বিগত ১৯/০৩/২০১৯ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক, জনাব মো: পূবন আখতার কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র:



চিত্র নং১-: প্রকল্প এলাকায় আবাসিক ফ্ল্যাটের সামনে পরিদর্শক ও প্রকল্প কর্তৃপক্ষ



চিত্র নং-২: প্রকল্প এলাকায় বাণিজ্যিক ভবন



চিত্র নং-৩:বাণিজ্যিক ভবনের ভিতরের অংশ



চিত্র নং-৪:বাউন্ডারি ওয়ালের উপর এর রেলিং এর কাজ চলমান



চিত্র নং-৫: আবাসিক ভবনের ভেতরে রং দেয়ার কাজ চলমান



চিত্র নং-৬: আবাসিক ভবনের ভেতর বাথরুমের ফিনিশিং এর কাজ চলমান



চিত্র নং-৭: আবাসিক ভবনের ভেতরে দরজার লক নেই



চিত্র নং-৮: পাম্প হাউসে ডিপ টিউব অয়েল নেই

১৩। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত	অত্রবিভাগে রমন্তব্য
(ক) পরিকল্পিতভাবে সীমিত পরিমাণ জমিতে সর্বোচ্চ আবাসনের ব্যবস্থা করে আবাসন সমস্যার সমাধান করা; (খ) আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়ন করা; (গ) আগ্রহী জনগণের ক্রয় ক্ষমতার মধ্যে স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্ল্যাট ক্রয়ের সুবিধা সৃষ্টি করা।	(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প পরিমাণ জমিতে পরিকল্পিত উপায়ে ৭২ টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (খ) আধুনিকনাগরিকসুবিধাসৃষ্টির জন্য মোট ২৪ টি কার পার্কিং এর ব্যবস্থা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।	বিভিন্ন অঙ্গের কিছু কাজ এখনও অসম্পূর্ণ রয়েছে। **(অনু: ১৬.৩)**

১৪। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে আবাসনের ব্যবস্থা করা হয়েছে এবং আধুনিক নাগরিক সুবিধা সৃষ্টির মাধ্যমে জনগণের আবাসন ব্যবস্থার উন্নয়নে প্রকল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে;
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৬। **পর্যবেক্ষণ:**

১৬.১ **Time overrun**:

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৫৪ মাস সময় বেশী (১৮০%) ব্যয় হয়েছে।

১৬.২ **Cost over run:**

প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপির তুলনায় বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় **৪৪৬৯.৭৭** লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় **৫৪৮২.৫২** লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে **৫৩৬১.৩৯** লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় **৮৯১.৬২** লক্ষ টাকা বৃদ্ধি (**১৯.৯৫**%)পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৬.৩ **অসম্পূর্ণ কাজ:**

আলোচ্য প্রকল্পটি জুন ২০১৮ এ সমাপ্ত হয়েছে মর্মে প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে (পিসিআর) উল্লেখ করা হয়েছে এবং এ পর্যন্ত ৯৭.৭৯% আর্থিক অগ্রগতি হয়েছে। প্রকল্পটি পরিদর্শনকালে প্রকল্পের আবাসিক ভবনের বাউন্ডারি ওয়ালের ওপর রেলিং এর কাজ চলমান দেখা যায় (চিত্র নং-৪) ।ভবনের ভেতরে রঙের কাজ এবং বাথরুমে ফিনিশিং এর কাজ চলমান পরিলক্ষিত হয় (চিত্র নং-৫ ও ৬)। এছাড়া,আবাসিক ভবনের ভেতরে লকবিহীনদরজা পরিলক্ষিত হয় (চিত্র নং-৭)। পিসিআরে উল্লেখ করা হয়েছে যে এক্সটার্নাল ওয়াটার সাপ্লাই অ্যান্ড স্যানিটারি ওয়ার্ক এর ২৪.৪০ লক্ষ টাকা বরাদ্দের মধ্যে ২৩.৯০ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। উল্লেখ্য, বাস্তবে পাম্প হাউসে কোন ডিপ টিউবঅয়েল পরিলক্ষিত হয়নি (চিত্র নং-৮)। পিসিআরে উল্লেখ করা হয়েছে যে, আরবরিকালচার এবং ল্যান্ডস্কেপিং খাতে ৩.৯২ লক্ষ টাকার মধ্যে ৩.৮৫ লক্ষ টাকা ব্যয় করা হয়েছে। কিন্তু বাস্তবে আরবরিকালচার অথবা কোন গাছ প্রকল্প স্থানে লাগানো হয়নি। প্রকল্প সমাপ্ত প্রতিবেদন প্রাপ্তির পর এ জাতীয় অসম্পূর্ণ কাজের বিষয়ে জানা যেতে পারে।

১৬.৪ পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভার সংস্থান না থাকা :

প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাব দিহিতার অভাব ছিল এবংকেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৬.৫ অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া :

প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর একাধিক অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৭। সুপারিশ/ মতামত :

১৭.১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির সময় ও ব্যয় বৃদ্ধির প্রকৃত কারণ অনুসন্ধান করে এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়। (অনু: ১৬.১ও ১৬.২);

১৭.২। আলোচ্য প্রকল্পটিজুন, ২০১৮এ সমাপ্ত হয়েছে। এ পর্যন্ত৯৭.৭৯% আর্থিক অগ্রগতি হয়েছে। এমতাবস্থায়,প্রকল্পের অসম্পূর্ণ কাজ সমূহকিভাবে সমাপ্ত করা হবে তা এ বিভাগকে জানাতে হবে(অনু: ১৬.৩);

১৭.৩। পরবর্তীতে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিং এর স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে (১৬.৪);

১৭.৪। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে জরুরীভিত্তিতে প্রেরণ করতে হবে (১৬.৫) এবং ১৭.৫ অনুচ্ছেদ ১৭.১ হতে ১৭.৪ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

সিলেটে স্বল্প আয়ের জনগোষ্ঠীর জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

সমাপ্ত: জুন ,২০১৮

২.০। প্রকল্পের ধরন (বিনিয়োগ/ কারিগরি সহায়তা/সমীক্ষা) : বিনিয়োগ প্রকল্প।

৩.১। অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য) স্ব-অর্থায়ন।

৩.২। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪.১। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.২। বাস্তবায়নকারী সংস্থা: জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ।

৫.০ ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়ন কাল ও অনুমোদন সংক্রান্ত: (লক্ষ টাকা)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়				বাস্তবায়ন কাল	অনুমোদনের তারিখ	*পরিবর্তন(+/-)	
	মোট	জিওবি	প্র:সা:	নিজস্ব অর্থায়ন			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	৪০৪০.৪৪	-	-	৪০৪০.৪৪	মে ,২০১১ হতে জুন ,২০১৩	২০ ২০১১/০৬/	-	-
সর্বশেষ সংশোধিত	৪৪১৯.৩৩	-	-	৪৪১৯.৩৩	মে ,২০১১ হতে জুন ,২০১৮	৩০ ২০১৭/১২/	৩৭৮.৮৯ (৯.৩৭%)	৬০ মাস (২৭২.৭২%)

খ) প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার (%): ৯.৩৭% |

গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার (%): ২৭২.৭২% |

৬. প্রকল্প এলাকা (সংখ্যায় উল্লেখ করতে হবে)

বিভাগ	জেলা	উপজেলা/সিটি কর্পোরেশন/ পৌরসভা
সিলেট	সিলেট	সিলেট সিটি কর্পোরেশন (শাহজালাল হাউজিং স্টেট)

৭. **প্রকল্পের উদ্দেশ্য (বুলেট আকারে সংক্ষিপ্ত):**

- আবাসন সমস্যা নিরসনে পরিকল্পিত উপায়ে অল্প জায়গায় অধিক মানুষের বসবাস নিশ্চিতকরণ;
- নগর জীবনের আধুনিক সুবিধাদি প্রদানের মাধ্যমে পরিকল্পিত গ্রোথ এবং সেটেলমেন্ট নিশ্চিতকরণ; এবং
- ইচ্ছুক মানুষের জন্য যৌক্তিক মূল্যে এবং স্থায়ীভাবে আবাসিক ফ্ল্যাট ক্রয়ের সুযোগ সৃষ্টি |

খ. প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত তথ্য

৮. অঙ্গভিত্তিক অগ্রগতি: (লক্ষ টাকা)

ক্রঃ নং	প্রকল্পের আইটেম/অঙ্গ	ডিপিপি অনুযায়ী লক্ষ্যমাত্রা(আর্থিক)	প্রকৃত আর্থিক অগ্রগতি (%)	মন্তব্য
১	সাপ্লাই এন্ড সার্ভিসেস	২০.৫০	২০.৫০ (%১০০)	-
২	ডিজাইনিং এন্ড ড্রয়িং	৩৯.৯১	৩৭.৬৫ (৯৪.৩৩%)	চুক্তি মূল্য কম ছিল।
৩	যানবাহন রক্ষণাবেক্ষণ	১.০০	১.০০ (%১০০)	-
৪	সাবসয়েল ইনভেস্টিগেশন-	১০.০১	৯.৭১ (৯৭.০০%)	চুক্তি মূল্য কম ছিল।
৫	মিটিং Honourium	২.০০	০.০০ (০.০০%)	
৬	আসবাবপত্র এবং সরঞ্জামাদি	২.৯০	০.০০ (০.০০%)	
৭	যানবাহন	৪.০০	০.০০ (০.০০%)	২টি মোটর সাইকেল ক্রয়ের পরিকল্পনা থাকলেও তা পরবর্তীতে বাতিল করা হয়েছে।
৮	জমি ক্রয়	৫৩৫.৩২	৫৩৫.৩২ (%১০০)	-
৯	আবাসিক ভবন নির্মাণ	৩২৪৩.৮৬	৩২৩৫.৩২ (৯৯.৭৪%)	চুক্তি মূল্য কম ছিল।
১০	গ্যাস লাইন কানেকশন	৩০.৮৫	০.০০ (০.০০%)	সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমানে আবাসিক বাসভবনে গ্যাস সরবরাহের কার্যক্রম বন্ধ আছে বিধায় গ্যাস লাইন সংযোগ স্থাপন করা হয়নি।
১১	ওয়াটার সাপ্লাই এন্ড স্যানিটারী ওয়ার্ক	৩০.৬১	২৬.৬০ (৮৬.৯০%)	চুক্তি মূল্য কম ছিল।
১২	ইলেক্ট্রিফিকেশন	৪২৬.১২	৪০৮.৬৯ (৯৫.৯১%)	চুক্তি মূল্য কম ছিল।
১৩	সোলার সিস্টেম ইন্সটলেশন	৩৪.২১	৩৪.২১ (%১০০)	-
১৪	tsoC gniltnamsiD	৩.৬৫	৩.৬৫ (%১০০)	-
১৫	বাউন্ডারী ওয়াল এন্ড মেইন গেট	৩২.৩৯	৩১.৫৩ (৯৭.৩৪%)	চুক্তি মূল্য কম ছিল।
১৬	আরবরিকালচার এন্ড ল্যান্ডস্কেপিং	১.০০	০.০০ (০.০০%)	পর্যাপ্ত জায়গার অভাবে আরবরিকালচার করা হয়নি।
১৭	প্রাইস কন্টিঞ্জেন্সী	১.০০	০.০০ (০.০০%)	প্রয়োজন ছিলনা।
মোট		৪৪১৯.৩৩	৪৩৪৪.১৮ (৯৮.৩০%)	

৯. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য (পর্যায়ক্রমে প্রকল্প শুরু হতে বর্তমান সময় পর্যন্ত):

প্রকল্প পরিচালকের নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
ওম প্রকাশ নন্দী	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	১১/০৪/২০১০-০৭/০৯/২০১১	নিয়মিত	হ্যাঁ	২
দীপক কুমার দাস	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	০৭/০৯/২০১১-৩০/১১/২০১১	নিয়মিত	হ্যাঁ	২
মোঃ শামসুল আলম	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	৩০/১১/২০১১-২০/০৪/২০১৫	নিয়মিত	হ্যাঁ	৩
এ.কিউ.এম. শাহজালাল মজুমদার	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	২০/০৪/২০১৫-০৯/০৬/২০১৫	নিয়মিত	হ্যাঁ	৩
মোঃ মঈনুল হক মোতাঈদ	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	০৯/০৬/২০১৫-১৬/০৮/২০১৫	নিয়মিত	হ্যাঁ	৩
কাজী ফজলুল করিম	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	১৬/০৮/২০১৫-০৮/০৮/২০১৬	নিয়মিত	হ্যাঁ	২
মুনিফ আহমেদ	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	১৯/০৯/২০১৬-০৫/০৩/২০১৭	নিয়মিত	হ্যাঁ	৩
মোঃ গিয়াস উদ্দিন চৌধুরী	এন এইচ এ নির্বাহী প্রকৌশলী	০৫/০৩/২০১৭-৩০/০৬/২০১৮	নিয়মিত	হ্যাঁ	৩

গ. প্রকল্প পরিদর্শন সংক্রান্ত পর্যবেক্ষণ

১০. পরিদর্শনের আলোকে পর্যবেক্ষণ:

প্রকল্পটি গত ২৭/০৫/২০১৯ তারিখে আইএমইডি কর্তৃক পরিদর্শন করা হয়। প্রকল্প এলাকায় (শাহজালাল হাউজিং স্টেট, সিলেট) পরিদর্শনকালে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ, সিলেট ডিভিশনের নির্বাহী প্রকৌশলী এবং উপ-বিভাগীয় প্রকৌশলী উপস্থিত ছিলেন। প্রকল্পের আওতায় ৪৪ কাঠা জমিতে ৩টি বিল্ডিং-এ মোট ৮৮টি ফ্ল্যাট (বিল্ডিং ১-এ ৩২টি, বিল্ডিং ২-এ ৩২টি, বিল্ডিং ৩-এ ২৪টি) নির্মাণ করা হয়েছে। ১ম ও ২য় বিল্ডিং-এর প্রতিটির ৮টি ফ্লোরে ৪টি করে ইউনিট এবং ৩য় বিল্ডিং-এর ৮টি ফ্লোরে ৩টি করে ইউনিট নির্মাণ করা হয়েছে। বিল্ডিং-এর চারপাশে সীমানা প্রাচীর নির্মাণ করা হয়েছে এবং গ্রাউন্ড ফ্লোরে ৭৮টি পার্কিং স্থাপন করা হয়েছে। ৩নং বিল্ডিং-এর গ্রাউন্ড ফ্লোরে প্রায় ১০৫০ বর্গফুট বিশিষ্ট কমিউনিটি স্পেস রাখা হয়েছে। প্রত্যেক ইউনিটের অভ্যন্তরে নীট ১২২৫ বর্গফুট ক্যাপাসিটি রয়েছে। তবে লিফট্, কড়িডোর, সিঁড়ি বাবদ যতটুকু স্থান ব্যবহৃত হয়েছে, তা প্রত্যেক ইউনিটের মধ্যে বিভাজন করলে ফ্ল্যাটগুলোর সার্বিক ক্যাপাসিটি দাঁড়ায় ১৫০০ বর্গফুট।

প্রত্যেক বিল্ডিং-এ ২টি করে মোট ৬টি লিফট্ স্থাপন করা হয়েছে। লিফট্গুলোর ম্যানুফ্যাকচারার হলো Sicher Elevator Co. Ltd. (Germany and China) এবং এজেন্ট হলো প্রপার্টি লিফটস্। বড় ৩টি লিফট্-এর ধারণ ক্ষমতা ৮০০ কেজি ও ১০ জন এবং ছোট ৩টি লিফট্-এর ধারণ ক্ষমতা ৬৩০ কেজি ও ৮ জন।

প্রত্যেক বিল্ডিং-এ পৃথক পৃথক পাওয়ার কন্ট্রোল রুম, ইলেক্ট্রিক মিটার রুম, ওয়াটার পাম্প রুম রয়েছে। প্রত্যেক পাওয়ার কন্ট্রোল রুমে ১টি করে মোট ৩টি ট্রান্সফর্মার এবং ১টি করে মোট ৩টি জেনারেটর স্থাপন করা হয়েছে। ৩টি বিল্ডিং-এ ৩টি মিটার রুম স্থাপন করা হয়েছে এবং ফ্ল্যাট প্রতি ১টি করে সর্বমোট ৮৮টি ইলেক্ট্রিক রিডার মিটার স্থাপন করা হয়েছে। প্রত্যেক ওয়াটার পাম্প রুমে ১টি করে মোট ৩টি পেডরোলো ওয়াটার পাম্প (ইটালি) স্থাপন করা হয়েছে। এছাড়াও প্রত্যেক বিল্ডিং-এর ছাদে সোলার পাওয়ার সিস্টেম এবং বজ্র নিরোধক সিস্টেম স্থাপন করা হয়েছে।

প্রত্যেক বিল্ডিং-এ পৃথক পৃথকভাবে সিটি কর্পোরেশন হতে পানি সরবরাহের ব্যবস্থা এবং নিজস্ব ব্যবস্থাপনায় পানি সরবরাহের ব্যবস্থা রাখা হয়েছে। ১ম ও ২য় বিল্ডিং-এ ২টি করে আন্ডারগ্রাউন্ড ট্যাংক এবং ওভারহেড ট্যাংক-এর ব্যবস্থা রয়েছে। ১ম ও ২য় বিল্ডিং-এর ক্ষেত্রে আন্ডারগ্রাউন্ড ট্যাংক এবং ওভারহেড ট্যাংক-এর আয়তন যথাক্রমে ৬৪০ ঘনফুট এবং ৫২৭.৫২ ঘনফুট। ৩য় বিল্ডিং-এ ১টি করে আন্ডারগ্রাউন্ড ট্যাংক এবং ওভারহেড ট্যাংক-এর ব্যবস্থা রয়েছে, যাদের আয়তন যথাক্রমে ১০৮৮ ঘনফুট

এবং ৭৩৩.৫০ ঘনফুট। নিজস্ব ব্যবস্থাপনায় পানি সরবরাহের ক্ষেত্রে ১০ ইঞ্চি ডায়ামিটার বিশিষ্ট ডিপ-টিউবওয়েল স্থাপন করা হয়েছে।

প্রত্যেক ইউনিটে ১৭টি Wall Bracket Light, ৬টি Concealed Ceiling Light এবং ১০টি Single Tubelight ও Bathroom Light Fittings স্থাপন করা হয়েছে। এছাড়াও ইন্টারকম সংযোগ, টেলিফোন সংযোগ, ক্যাবল নেটওয়ার্ক সংযোগ, বৈদ্যুতিক সংযোগ প্রদান করা হয়েছে এবং প্রতি ইউনিটে কলিংবেল ও রান্নাঘরে Exhaust Fan দেয়া হয়েছে। প্রতি ফ্লোরে লিফট্, কড়িডোর এবং সিঁড়িতে ৬টি করে Concealed Ceiling Light স্থাপন করা হয়েছে। প্রতিটি ইউনিটে ৫টি করে বারান্দা, ৩টি করে বাথরুম, স্টোর রুম, ইউটিলিটি স্পেস রাখা হয়েছে। গ্রাউন্ড ফ্লোরে এবং পার্কিং স্পেসে পর্যাপ্ত আলোকায়নের ব্যবস্থা করা হয়েছে।

ইতোমধ্যে ৮৮টি ফ্ল্যাটের মধ্যে ১৮টি ফ্ল্যাট হস্তান্তর করা হয়েছে, অবশিষ্ট ফ্ল্যাটগুলো খুব শীঘ্রই হস্তান্তর করা হবে। প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য মতে, ইতোমধ্যে ৮৫টি ফ্ল্যাটের বরাদ্দ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ৩টি ফ্ল্যাটের বরাদ্দের জন্য বিজ্ঞাপন দেয়া হয়েছিল, ৪টি আবেদনপত্র জমা পড়েছে, যা যাচাই বাছাই শেষে খুব শীঘ্রই বরাদ্দ প্রদান করা হবে। উল্লেখ্য যে, ফ্ল্যাট বরাদ্দ প্রদান এবং হস্তান্তর প্রকল্পের অংশ নয়।

১১. সার্বিক পর্যবেক্ষণ:

প্রকল্পের মেয়াদ সংক্রান্তঃ

প্রকল্পটি অনুমোদিত আরডিপিপি মেয়াদে সমাপ্ত হয়েছে। মূল প্রকল্পের দলিলের তুলনায় সংশোধিত প্রকল্প দলিলে বাস্তবায়ন মেয়াদ ৬০ মাস বা ২৭২.৭২% বৃদ্ধি করা হয়েছে, যা কোনভাবেই কাম্য নয়। যেহেতু প্রকল্প সমাপ্তির পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিদের নিকট ফ্ল্যাট হস্তান্তর করা হবে, সে বিষয়টি প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার আমলে নেয়া উচিত ছিল। এক্ষেত্রে বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিরা আর্থিকভাবে ক্ষতিগ্রস্থ হয়।

প্রকল্প পরিচালক সংক্রান্তঃ

প্রকল্পটি বাস্তবায়নকালে ৮বার প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে, যা কোনভাবেই কাম্য নয়। যেহেতু প্রকল্পটি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিজস্ব জনবল দ্বারা বাস্তবায়িত হয়েছে, সেহেতু সকল প্রকল্প পরিচালক নিয়মিত কিন্তু একাধিক প্রকল্পে কাজ করেছেন এবং ঘন ঘন বদলির ফলে বারবার প্রকল্প পরিচালক পরিবর্তিত হয়েছে। কিন্তু প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়মিত দায়িত্বে প্রকল্প পরিচালক নিয়োগ করা প্রয়োজন এবং সরকারের বিশেষ প্রয়োজন ব্যতীত প্রকল্প পরিচালক-কে অন্যত্র বদলী করা কাম্য নয়।

সার্বিক অগ্রগতি সংক্রান্তঃ

প্রকল্পের মোট অনুমোদিত ব্যয় ধরা হয়েছিল ৪৪১৯.৩৩ লক্ষ টাকা কিন্তু প্রকৃত খরচ হয়েছে ৪৩৪৪.১৮ লক্ষ টাকা, যা মোট অনুমোদিত ব্যয়ের ৯৮.৩০%। প্রকল্প অফিস থেকে প্রাপ্ত তথ্য মতে, অবশিষ্ট অর্থ যথাযথ প্রক্রিয়া অবলম্বনপূর্বক সরকার-কে ফেরত প্রদান করা হয়েছে। প্রকল্প দলিলে বর্ণিত কর্ম-পরিকল্পনা মোতাবেক শতভাগ কাজ বাস্তবায়িত হয়েছে অর্থাৎ প্রকল্পের বাস্তব অগ্রগতি ১০০%। তবে, সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে বর্তমানে আবাসিক বাসভবনে গ্যাস সরবরাহের কার্যক্রম বন্ধ আছে বিধায় গ্যাস লাইন সংযোগ স্থাপন করা হয়নি; সংস্থার নিজস্ব যানবাহন ব্যবহার করা হয়েছে বিধায় ২টি মোটর সাইকেল ক্রয়ের পরিকল্পনা থাকলেও তা পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাতিল করা হয়েছে এবং পর্যাপ্ত জায়গার অভাবে আরবরিকালচার করা হয়নিযা যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাতিল করা হয়েছে। ,

কাজ শুরু হতে বিলম্বঃ

প্রকল্পের আওতায় ৪৪ কাঠা জমিতে এই প্রকল্প বাস্তবায়িত হয়েছে। প্রকল্পের জমি জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিজস্ব জমি। কিন্তু জমিতে বসবাসকারী ব্যক্তিদের উচ্ছেদ করে জমি পুনঃরুদ্ধার করতে বেশ বিলম্ব হয়েছে। বসবাসকারী ব্যক্তিরা জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের বিপক্ষে মামলা করে। মামলার কাজ সমাপ্ত হতে এবং জমির মালিকানা পুনঃরুদ্ধার করতে বিলম্ব হওয়ায় প্রায় ২ বছর পর প্রকল্পের কার্যক্রম শুরু হয়েছে। ফলে প্রকল্প দলিলে বর্ণিত সময়ভিত্তিক কর্ম-পরিকল্পনা অনুসরণ করে প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়নি।

প্রকল্প সমাপ্ত প্রতিবেদন বিশ্লেষণঃ

প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে, প্রকল্পের প্রকৃত ব্যয় ৪৩৪৪.১৮ লক্ষ টাকা কিন্তু অর্থ অবমুক্ত করা হয়েছে ৩৯৮৬.৫০ লক্ষ টাকা। এ বিষয়ে জানতে চাওয়া হলে, সিলেটের উপ-বিভাগীয় প্রকৌশলী জানান যে, প্রকল্পের জমি জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিজস্ব জমি, যা মূল্যমান ৫৩৫.৩২ লক্ষ টাকা। গ্রাহক পর্যায়ে ফ্ল্যাটের যৌক্তিক মূল্য নির্ধারণের স্বার্থে জমির মূল্যকে খরচের হিসাবে অন্তর্ভূক্ত করা হয়েছে। প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে Financial এবং Economic Cost-Benefit-এর হিসাব দেখানো হয়েছে। কিন্তু প্রকল্পের প্রতিবেদনে Financial এবং Economic Cost-Benefit হিসাব করার সময় হিসাবের সুবিধার্থে কিছু বিষয়ে Assumptions ধরা হয়, যা প্রতিবেদনে উল্লেখ করা হয়নি কিন্তু উল্লেখ করা আবশ্যক।

১৩. প্রকল্প পরিদর্শনের স্থির চিত্রঃ



চিত্রঃ (১) ইউনিট ডিজাইন (২) মিটারিং সিস্টেম পর্যবেক্ষণ (৩) জেনারেটর (৪) ইলেক্ট্রিক্যল ডিজাইন



চিত্রঃ (১) সোলার সিস্টেম (২) মিটারিং সিস্টেম (৩) ওয়াটার পাম্প (৪) ট্রান্সফর্মার (৫) ৩টি আবাসিক ভবন

ক্রয়-কার্যক্রম সংক্রান্তঃ

ডিপিপি'তে পণ্য সংক্রান্ত ২টি এবং কার্য সংক্রান্ত ১৫টি প্যাকেজ রয়েছে। এর মধ্যে পণ্য সংক্রান্ত ২টি (GD1 ও GD2) এবং কার্য সংক্রান্ত ২টি (WD6 ও WD7) প্যাকেজের কার্যক্রম যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাতিল করা হয়েছে। প্রয়োজন ছিলনা বিধায় ২টি মোটরসাইকেল এবং অফিস সরঞ্জামাদি বাবদ পণ্য ক্রয় করা হয়নি। সরকারী সিদ্ধান্তের প্রেক্ষিতে গ্যাস কানেকশন স্থাপন সংক্রান্ত এবং অপর্যাপ্ত জায়গার কারণে আরবরিকালচার সংক্রান্ত কার্যক্রম বাতিল করা হয়েছে। বাকি প্যাকেজগুলোর কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করা হয়েছে।

ফ্ল্যাটের মূল্য সংক্রান্তঃ

জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের হিসাব মোতাবেক প্রতিটি ফ্ল্যাটের মূল্য ধরা হয়েছে ৫১,৬৫,০০০ টাকা। গ্রাহকরা প্রথম ৪বছর প্রতি ৩ মাসে ১,৪৫,৩১৫.৫০ হারে প্রায় ২৩,২৫,০০০ টাকা প্রদান করবে। বাকি টাকা ১৬বছরে ৯% সুদে প্রতিমাসে ২৩১৮৫.৩৩ টাকা হারে ১৯২ কিস্তিতে প্রদান করবে অর্থাৎ ১৬বছরে প্রায় ৪৪,৫১,৫০০ টাকা প্রদান করবে। সেই বিবেচনায় ফ্ল্যাটের সার্বিক মূল্য দাড়াঁয় প্রায় ৬৭,৭৬,৫০০ টাকা।

১৪. সুপারিশ/মতামত:

(ক) পরবর্তীতে একই ধরনের প্রকল্প ডিজাইনের সময় জমি প্রাপ্তির বিষয়টি নিশ্চিত হয়ে প্রকল্প গ্রহণ করতে হবে।

(খ) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে নিয়মিত দায়িত্বে প্রকল্প পরিচালক নিয়োগ করতে হবে এবং সরকারের বিশেষ প্রয়োজন ব্যতীত প্রকল্প পরিচালক-কে অন্যত্র বদলী না করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো।

(গ) প্রকল্পের কর্ম-পরিকল্পনা প্রনয়ণের পূর্বেই প্রকল্পের ডিজাইন চূড়ান্ত করার বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করা হলো, যাতে নির্ধারিত সময়ের মধ্যে কর্ম-পরিকল্পনা মাফিক প্রকল্পের কাজ সমাপ্ত করা সম্ভব হয়।

(ঘ) প্রকল্প সমাপ্ত প্রতিবেদনে এবং প্রকল্প দলিলে Financial এবং Economic Cost-Benefit হিসাব করার সুবিধার্থে ব্যবহৃত Assumptions-গুলো উল্লেখ করতে হবে।